




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com








বুধবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৯২ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ১১ শ্রাবণ ১৪৩০ ॥ ০৭ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২৬ জুলাই ২০২৩




## নেপালকে পায়রা বন্দর ব্যবহারের প্রস্তাব প্রধানমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা এফএও এর সদর দফতরে জাতিসংঘের খাদ্য ব্যবস্থা শীর্ষ সম্মেলনের ফাঁকে নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহালের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে কাঠমান্ডুকে পায়রা বন্দর ব্যবহারের প্রস্তাব দিয়েছেন। নেপালের প্রধানমন্ত্রীর সাথে বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যের উদ্ধৃতি দিয়ে পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেন,"বাংলাদেশ ইতিমধ্যে নেপালের জন্য চালনা ও চট্টগ্রাম বন্দর খুলে দিয়েছে। নেপাল নবনির্মিত পায়রা বন্দরও ব্যবহার করতে পারে।" এফএও এর সদর দফতরে সদ্য খোলা বাংলাদেশ-বঙ্গবন্ধু শেখ মুজিব কক্ষে দ্বিপাক্ষিক বৈঠক শেষে মোমেন সোমবার সাংবাদিকদের এ বিষয়ে ব্রিফ করেন।

মোমেনের মতে, সংযোগ বাড়াতে বাংলাদেশ সৈয়দপুর বিমানবন্দরকে একটি ২-এর পাতায় দেখুন

## শেষ পর্যন্ত দানকর দিলেন ড. ইউনূস

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় রাজস্ব বোর্ডের আরোপিত দানকর বৈধ ঘোষণা করা রায়ের বিরুদ্ধে ড. মুহাম্মদ ইউনূসের লিভ টু আপিল খারিজ করে দিয়েছেন আপিল বিভাগ। ফলে দানকর পরিশোধ করতে বাধ্য ছিলেন ড. মুহাম্মদ ইউনূস। অবশেষে ২-এর পাতায় দেখুন



## সেপ্টেম্বর-অক্টোবরে শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগের নির্বাচনী অভিযাত্রা শুরু

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ শেখ হাসিনার নেতৃত্বে আগামী সেপ্টেম্বর-অক্টোবর থেকে মুক্তিযুদ্ধের স্বপক্ষের সকল শক্তিকে নিয়ে নির্বাচনে বিজয়ের লক্ষ্যে অভিযাত্রা শুরু করবে বলে জানিয়েছেন দলটির সাধারণ সম্পাদক এবং সড়ক ২-এর পাতায় দেখুন



## সেপ্টেম্বরে সংশোধন হচ্ছে ডিজিটাল সিকিউরিটি আইন

**নিজস্ব প্রতিবেদক :** আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, আমাদের ডিজিটাল সিকিউরিটি আইন নিয়ে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধির সঙ্গে আলোচনা হয়েছে। আমি বলেছি, আমরা অবশ্যই এ আইন সংশোধন করার সিদ্ধান্ত নিয়েছি। আগামী সেপ্টেম্বরেই এ সংশোধনী জাতীয় সংসদে উত্থাপন ২-এর পাতায় দেখুন



# আওয়ামী লীগ বিএনপির নিরব সমঝোতার প্রচেষ্টা

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ-বিএনপি এখন মুখোমুখি। আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দুটি রাজনৈতিক দল এখন শক্তি প্রদর্শনের ব্যস্ত রয়েছে। ২৭ জুলাই ঢাকায় মহাসমাবেশ ডেকেছে বিএনপি। আর আওয়ামী লীগ ডেকেছে শান্তি সমাবেশ। আওয়ামী লীগ এবং বিএনপির পাল্টাপাল্টি মুখোমুখি কর্মসূচি এটিই প্রথম নয়। এর আগেও গত ১৬ জুলাই দুই দলই মুখোমুখি অবস্থান নিয়েছিল। তবে সেখানে কোন বড় ধরনের গোলযোগ ঘটেনি। ঢাকার বাইরে বিএনপি এবং আওয়ামী লীগের মধ্যে বিচ্ছিন্ন কিছু সহিংসতার ঘটনা ঘটলেও রাজনৈতিক পরিস্থিতি এখনও সহনীয় মাত্রায় রয়েছে। যদিও যেকোনো সময় পরিস্থিতি উত্তপ্ত হতে পারে বলে কেউ



শঙ্কা প্রকাশ করছে। তবে বিভিন্ন মহল বলছে, রাজনীতিতে বাইরে যতই উত্তাপ হোক ভেতরে ভেতরে সরকার এবং বিএনপির মধ্যে সমঝোতার চেষ্টা চলছে। নেপথ্যে এই সমঝোতাই রাজনীতির গতি-প্রকৃতি নির্ধারণ করবে বলে ধারণা করা হচ্ছে।

আওয়ামী লীগ-বিএনপি দুই দলই এক দফা ঘোষণা করেছে। যদিও তারা প্রকাশ্যে বলছে, কোনো আলোচনা নয়, কোন সংলাপ নয়। কিন্তু বাংলা ইনসাইডার দলের একাধিক সূত্র থেকে নিশ্চিত হয়েছে যে দুটি রাজনৈতিক দলের মধ্যে সমঝোতার একটা নীরব প্রচেষ্টা চলছে। আগামী নির্বাচনের আগে নেপথ্যের এই সংলাপ দৃশ্যমান হতে ২-এর পাতায় দেখুন

## বাংলাদেশ থেকে আরো জনবল নিয়োগে আগ্রহী ইতালি

**নিজস্ব প্রতিবেদক :** ইতালি বিশেষ করে তার কৃষি ও সেবা খাতে বাংলাদেশ থেকে আরও জনশক্তি নিয়োগের আগ্রহ দেখিয়েছে।

জাতিসংঘ খাদ্য ব্যবস্থা শীর্ষ সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ইতালীর তিন মন্ত্রীর সাক্ষাতকালে দেশটি এ আগ্রহ দেখায়। খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) সদর দপ্তরে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে ইতালির মন্ত্রীদের উদ্ধৃতি দিয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেন, "ইতালি তার সেবা ও কৃষি খাতে বাংলাদেশ থেকে আরও কর্মী নিতে চায়"।

বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সোমবার ইতালির কৃষিমন্ত্রী ফ্রান্সেসকো ললোব্রিগিদা, স্বরাষ্ট্রমন্ত্রী মাত্তেও পিয়ান্তেডোসি এবং বিচারমন্ত্রী কার্লো নর্দিওর বৈঠকের পর সাংবাদিকদের ব্রিফ করেন মোমেন।

## বৃক্ষরোপণে বিশেষ অবদান রাখায় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২১ রোকসানা মিতার হাতে



**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা মানেই ভিন্ন কিছু। যে কোন ভালো কাজের বিষয়ে সময় দামুড়হুদা উপজেলা থাকছে শীর্ষ অবস্থানে। ঠিক তারই ধারাবাহিকতায় এবার বৃক্ষরোপণে বিশেষ অবদান রাখায় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২১ এর "খ" শ্রেণীতে সারা দেশের মধ্যে ২য় স্থান অর্জন করেছে চুয়াড়াঙ্গার দামুড়হুদা ডিসি ইকো পার্ক। গত রবিবার বেলা ৩টার সময় রাজধানীর আগারগাঁও বন ভবন সম্মেলন কেন্দ্রে ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন




**চঞ্চল মাহমুদ শৈলকুপা :** 'নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ' এ শ্লোগানকে সামনে রেখে শৈলকুপায় জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। উপজেলা মৎস্য অধিদপ্তরের আয়োজনে মঙ্গলবার দুপুরে উপজেলা চত্বর থেকে একটি র‍্যালী বের করা হয়। র‍্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে উপজেলা চত্বরে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন ২-এর পাতায় দেখুন

## হাইকোর্টের একটি বেঞ্চে বিচারপতিদের 'মাই লর্ড' বলা বারণ

**নিজস্ব প্রতিবেদক :** মামলার শুনানির সময় হাইকোর্টের একটি বেঞ্চের সংশ্লিষ্ট বিচারপতিদের 'মাই লর্ড' বা 'লর্ডশিপ' বলতে বারণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিচারপতি শেখ মো. জাকির হোসেন ও বিচারপতি এ কে এম জহিরুল হকের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই মন্তব্য করেন। পরে এ বিষয়ে আদালত কক্ষের বাইরে একটি বিজ্ঞপ্তিও টাঙিয়ে দেওয়া হয়।

এ সময় আদালতের জ্যেষ্ঠ বিচারক শুনানিতে অংশ নেওয়া আইনজীবীদের উদ্দেশ করে বলেন, 'দাসত্বের ২-এর পাতায় দেখুন

## ঘুস নেওয়ায় সরকারি কর্মকর্তাকে প্রত্যাহারের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক :** শরীয়তপুরে ভেদরগঞ্জ উপজেলা হিসাবরক্ষণ অফিসে অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এসময় সেবাগ্রহীতা এক শিক্ষিকার কাছ থেকে দুই হাজার টাকা ঘুস নেওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় অডিটর আশরাফ হোসেনকে প্রত্যাহারের নির্দেশ দেওয়া হয়েছে।

গত সোমবার দুপুর সাড়ে ১২টায় দুদক সমন্বিত মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আখতারুজ্জামান নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়। দুদক সূত্র জানায়, ১০৬ নম্বরে কল দিয়ে দুদকের কাছে অভিযোগ করেন ফরিদপুরের এক ব্যাংক কর্মকর্তা। তার স্ত্রী ভেদরগঞ্জে একটি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। এলপিসির (শেষ বেতনের প্রত্যায়নপত্র) কাগজপত্র পেতে তাকে একমাস ধরে হয়রানি করা হয়। পরে বিকাশে দুই দফায় এক হাজার ও নগদ এক হাজার টাকা ঘুস নেন উপজেলা হিসাবরক্ষণ অফিস অডিটর আশরাফ হোসেন। এ অভিযোগের পরিপেক্ষিতে ভেদরগঞ্জ উপজেলা হিসাবরক্ষণ অফিসে অভিযান চালায় দুদক।

সূত্র আরও জানায়, আশরাফ হোসেনের মোবাইলে বিকাশ অ্যাকাউন্টের অ্যাপে এক হাজার টাকার অসংখ্য লেনদেনের স্টেটমেন্ট পাওয়া গেছে। তিনি শিক্ষক ও শিক্ষিকাদের কাছ থেকেই বেশি ২-এর পাতায় দেখুন

## মিনিস্টার গ্রুপের চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ সিআইপির সহযোগিতা অব্যাহত



**নিজস্ব প্রতিবেদক :** আল-মুহসিন সমাজ কল্যাণ সংস্থার মাধ্যমে এম এ রাজ্জাক খান রাজের পক্ষ থেকে এক অসহায় রুগি কে হাসপাতালে যেয়ে কিছু ওষুধ সামগ্রী এবং ফল খাবার তুলে দেওয়া হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের আব্দুল মমিন হার্টের সমস্যা নিয়ে সদর হসপিটাল এ ভর্তি হয়েছিলেন কিছুদিন আগে।চিকিৎসার ব্যয় বহন করতে না পেরে তিনি হাসপাতাল থেকে চলে গিয়েছিলেন। শরীরের অবস্থা অবনতি হলে তার জমানো কিছু টাকা নিয়ে আবারো সদর হসপিটালে ভর্তি হন।

মিনিস্টার মাইওয়ান গ্রুপের মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান ও এফবিসিসিআই এর ভাইস প্রেসিডেন্ট এম এ রাজ্জাক খান রাজ শুনে সেচ্ছাসেবী সংগঠন এর মাধ্যমে তার খোজ খবর নেন এবং ওষুধ, খাবার ফলমূল ২-এর পাতায় দেখুন



## আলমডাঙ্গায় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার খোকনের নির্বাচনী পথসভা

**আলমডাঙ্গা অফিস :** চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ সামসুল আবেদীন খোকন আলতায়েবা মোড়ে পথসভায় বক্তব্য দেন। গতকাল বিকেলে ৫ টার দিকে উপজেলা মঞ্চের কাছ থেকে একটি বিশাল মিছিল, আলমডাঙ্গার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে আলতায়েবা মোড়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগের সভাপতি, সাবেক যুবলীগের প্রেসিডিয়াম মেম্বার বীর মুক্তিযোদ্ধা শেখ সামসুল ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় নবাগত জেলা প্রশাসক শামীম হাসান

# এখনো পর্যন্ত কাজের স্বচ্ছতা নিশ্চিত সাংবাদিকদের কল্যাণেই




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক মোঃ শামীম হাসান বলেছেন, জেলার সকল শ্রেনী পেশার লোকজনকে সাথে নিয়ে এই জেলার উন্নয়ন কর্মকান্ড পরিচালিত করব। জেলার উন্নয়নের স্বার্থে আপনাদের সকলের সহযোগিতা চাই। তিনি বলেন, সাংবাদিকরা হচ্ছে জাতির বিবেক, জাতির আইনা। জেলার উন্নয়নে আপনাদের সহযোগিতা সবচেয়ে বেশি প্রয়োজন। মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলায় কর্মরত ২-এর পাতায় দেখুন

## ডেঙ্গুতে মারা গেলেন অন্তঃসত্ত্বা সিনিয়র সহকারী সচিব

**নিজস্ব প্রতিবেদক :** বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব এস এম নাজিয়া সুলতানা ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। নাজিয়া সুলতানা আট মাসের অন্তঃসত্ত্বা ছিলেন। মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা মো. হায়দার আলী এ তথ্য জানিয়েছেন।

তিনি জানান, ৩০তম বিসিএসের মেধাবী এই কর্মকর্তা আট মাসের অন্তঃসত্ত্বা ছিলেন এবং ডেঙ্গুতে আক্রান্ত হয়ে গত দুইদিন ধরে বারডেম হাসপাতালে ভর্তি ছিলেন। আজ সকালে তিনি ইন্তেকাল করেন।

এদিকে এস এম নাজিয়া সুলতানার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি ও সিনিয়র সচিব তপন কান্তি ঘোষ।

গতকাল এক শোকবার্তায় বাণিজ্যমন্ত্রী ও সিনিয়র সচিব মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

বাণিজ্যমন্ত্রী শোকবার্তায় বলেন, নাজিয়া সুলতানা অত্যন্ত মেধাবী ও চৌকস কর্মকর্তা ছিলেন। তিনি তার উপজেলার উপজেলা নির্বাহী অফিসার থাকাকালীন অর্পিত দায?িত্ব সততা ও ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন




**নিজস্ব প্রতিবেদক :** 'নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ' এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসন ও মৎস্য অধিদপ্তরের আয়োজনে মঙ্গলবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র‍্যালী বের করা হয়। র‍্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে সদর উপজেলা পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়। জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, বীর ২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।


## মেহেরপুরে দুটি স্কেভেটর পুড়িয়ে দিয়েছে দূর্বৃত্তরা



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর সদর উপজেলার বারাকপুর গ্রামে ভাই ভাই ইটভাটার দুইটি স্কেভেটর পুড়িয়ে দিয়েছে দূর্বৃত্তরা। সোমবার দিবাগত মধ্যরাতের কোনো এক সময় মাটিকাটা এস্কেভেটর দুটি পোড়ানোর ঘটনা ঘটে। স্কেভেটরের মালিক হায়াত আলী বলেন, প্রতিদিনের মতো ইটভাটায় স্কেভেটর রেখে রাতে বাড়িতে চলে আসি। সকালের দিকে খবর পাই রাতে স্কেভেটর দুটি আগুন লাগিয়ে পুড়িয়ে দিয়েছে। স্কেভেটর দুটির মুল্য প্রায় ৪০ লাখ টাকা। ভাই ভাই ব্রিকস এর স্বত্বাধিকারী জান মোহাম্মদ জানান প্রতিদিনের ন্যায় ফজরের নামাজ শেষ করে বাড়ি থেকে ভাটার উদ্দেশ্যে এসে দেখি স্কেভেটরের গায়ে কালী এবং নিচে তেল পড়ে আছে। কাছাকাছি এসে বুঝতে পারি স্কেভেটরে আগুন দেওয়া হয়েছে। তবে কে বা কারা করল এমন ঘটনা ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের মহেশপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী মোঃ বাবুল আক্তারকে (৫০) গ্রেফতার করেছে র‍্যাব-৬। মঙ্গলবার মহেশপুর উপজেলার বাঁশবাড়ীয়া ইউনিয়নের রুলী এলাকায় অভিযান চালিয়ে গ্রেফকার করে র‍্যাব। বাবুল আক্তার মহেশপুর উপজেলার মাটিলা গ্রামের মৃত আজিবর মন্ডলের ছেলে। র‍্যাব-৬ জানায়, গোপন সুত্রে র‍্যাব জানতে পারে উপজেলার বাঁশবাড়ীয়া ২-এর পাতায় দেখুন



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh  e-paper.eaiamardesh.com  www.eaiamardesh.com

বুধবার ২৬ জুলাই ২০২৩

## ডেঙ্গু পরিস্থিতি সামাল দিতে গিয়ে স্বাস্থ্যব্যবস্থাই ভেঙে পড়ার উপক্রম

**স্টাফ রিপোর্টার :** দিন দিন দেশে ডেঙ্গু পরিস্থিতি তীব্রতর হচ্ছে। আক্রান্ত আর মৃত্যুর সংখ্যা বাড়ছে। পরিস্থিতি সামাল দিতে দিয়ে সমগ্র স্বাস্থ্য ব্যবস্থাই ভেঙ্গে পড়ার উপক্রম হয়েছে। বর্তমানে ঢাকার সাতটি সরকারি হাসপাতাল ও চট্টগ্রাম, বরিশাল, সিলেট, রাজশাহী, রংপুর, ময়মনসিংহসহ বিভিন্ন বিভাগীয় শহরের হাসপাতালে ডেঙ্গু রোগীদের চিকিৎসা সেবা দিতে গিয়ে ডাক্তার, নার্সদের অন্য রোগীদের সেবা দেয়া সম্ভব হয় না। এমনকি সুচিকিৎসার অভাবে রোগীর মৃত্যু খবরও পাওয়া গেছে। সরকারি মেডিকেল কলেজ হাসপাতালসহ অন্যান্য বিভাগীয় শহরের হাসপাতালগুলোতে যে জনবল রয়েছে তা দিয়ে ডেঙ্গু আক্রান্ত রোগীদের চিকিৎসা সামাল দিতে হিমশিম খেতে হচ্ছে। এই পরিস্থিতি সামাল দিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ডাক্তার নার্সদের রাজধানীর হাসপাতালগুলোতে পদায়ন শুরু হয়েছে। একইভাবে ঢাকার বাইরের মেডিকেল কলেজ




হাসপাতালগুলোতেও এ পদায়ন শুরু হয়েছে। স্বাস্থ্য খাত সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, প্রতিদিন দ্বিগুণ হারে ডেঙ্গুতে আক্রান্ত রোগীর মৃত্যু হচ্ছে। কিন্তু স্বাস্থ্য অধিদপ্তর থেকে দেয়া পরিসংখ্যানে প্রকৃত তথ্যের গোপন করে এক তৃতীয়াংশের কথা জানানো হচ্ছে। অধিকাংশ সরকারি হাসপাতালই ডেঙ্গু বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরকে তথ্য দিচ্ছে না। আর কোন কোন সরকারি হাসপাতাল থেকেও তথ্য পেরেও তারাও নিয়মিত তথ্য দেয় না। স্বাস্থ্য অধিদপ্তরের এক কর্মকর্তার এ তথ্যের সত্যতা স্বীকার করেছেন। বিশেষজ্ঞদের মতে, ডেঙ্গু নিয়ন্ত্রণে মশা নিয়ন্ত্রণ ছাড়া বিকল্প নেই। সামনে ডেঙ্গু মহামারি ২-এর পাতায় দেখুন

## যশোরে সাপের কামড়ে স্কুলছাত্রীর মৃত্যু

**এস আর নিরব, যশোর :** যশোরের কেশবপুরে সাপের কামড়ে মোহনা চক্রবর্তী মিতু (১২) নামে এক স্কুলছাত্রী মারা গেছে। সোমবার রাতে উপজেলার গৌরীঘোনা গ্রামে এ ঘটনা ঘটে। মোহনা চক্রবর্তী মিতু গৌরীঘোনা গ্রামের কার্তিক চক্রবর্তীর মেয়ে। সে পাশের ডুমুরিয়া উপজেলার কাঁঠালতলা মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী ছিলো। এলাকাবাসী ও পরিবার সূত্রে জানা গেছে, উপজেলার গৌরীঘোনা গ্রামের কার্তিক চক্রবর্তীর মেয়ে মোহনা চক্রবর্তী মিতু সোমবার রাতে তার দাদির সঙ্গে ঘুমিয়ে ছিলো। রাত ১১টার দিকে তাকে ঘুমের ভেতর বিষাক্ত সাপে কামড় দেয়। বিষের যন্ত্রণা শুরু হলে পরিবারের লোকজন তাকে স্থানীয় একজন ওঝার কাছে নিয়ে যান। সেখানে ঝাড়-ফুঁকে কোনো কাজ না হওয়ায় মিতুকে অন্য আরেক ওঝার কাছে নেয়া হয়। এখানে ঝাড়-ফুঁক করার সময় মিতুর অবস্থার অবনতি হয়। পরে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আনা হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। মঙ্গলবার সকালে গৌরীঘোনা দক্ষিণপাড়া মহাশ্মশানে তার শেষ কৃত্যানুষ্ঠান সম্পন্ন করা হয়।
এ ব্যাপারে গৌরীঘোনা ইউনিয়ন পরিষদের মেম্বার বিশ্বজিৎ মল্লিক বলেন, মিতু ছিলো মেধাবী ও সদালপী একজন মেয়ে। তার অকালমৃত্যুতে পরিবারসহ এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

## জয়রামপুর মুসলিম প্রেমিকাকে না পেয়ে হিন্দু প্রেমিকের গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

**ইমরান হোসেন :** জয়রামপুর মুসলিম প্রেমিকা পেয়ে হিন্দু প্রেমিকের গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। দামুড়হুদার জয়রামপুর কাঁঠালতলা দাস পাড়ায় হিন্দু সম্প্রদায়ের এক যুবক ও একই এলাকার মুসলিম পরিবারের এক মেয়ের সাথে দীর্ঘ দিনের প্রেমজ সম্পর্ক। অবশেষে হিন্দু সম্প্রদায়ের সেই যুবক প্রেমিকাকে বিয়ে করতে না পেরে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে।
এলাকা সুত্রে জানাগেছে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠালতলা দাস পাড়ার রতন



দাসের ছেলে শুভ দাস (২০) ও জয়রামপুর কাঁঠালতলা বাসস্ট্যান্ড পাড়ার ভ্যান ২-এর পাতায় দেখুন

জমিজমা সংক্রান্ত ঘটনার জের

## যশোরে প্রতিপক্ষের হামলায় একই পরিবারের তিনজন জখম

**নিজস্ব প্রতিবেদক :** জমিজমা সংক্রান্ত গোলযোগের জের ধরে প্রতিপক্ষের হামলায় যশোরের চাঁদপাড়ায় একই পরিবারের তিনজন গুরুতর জখম হয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় তাদের যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় পুলিশ দু'জনকে আটক করেছে। ২৫ জুলাই সকাল সাড়ে ৯টার দিকে এ হামলার ঘটনাটি ঘটে।
হামলায় জখম তিন জন হচ্ছেন, সদর উপজেলার চাঁদপাড়া গ্রামের আব্দুল লতিফ মোল্লা (৬০), তার ছেলে শিমুল হোসেন মোল্লা (৩৫) ও রমজান আলী (২৬)। একই সাথে আব্দুল লতিফ মোল্লার স্ত্রী আমেনা বেগমকেও মারপিট ও শ্লীলতাহানির অভিযোগ উঠেছে। গ্রামবাসী ও থানা সূত্র জানিয়েছে, চাঁদপাড়া গ্রামের আব্দুল লতিফ মোল্লা ও একই গ্রামের আব্দুস সাত্তার গং এর মধ্যে জমি নিয়ে দীর্ঘদিন গোলযোগ চলছিল। এ ২-এর পাতায় দেখুন

## হরিণাকুন্ডুতে গলায় ওড়না দিয়ে আত্মহত্যা করলো নারী

**আবু সাইদ, হরিণাকুন্ডু :** হরিণাকুন্ডুতে গলাই ওড়না দিয়ে আত্মহত্যা করলো তানিয়া খাতুন(১৮)নামে এক নারী। মঙ্গলবার বিকালে পিতার নিজ বাড়ী কুলবাড়ীয়া গ্রামে আত্মহত্যা করে। তানিয়া হরিণাকুন্ডু উপজেলার কুলবাড়িয়া মন্ডলপাড়ার কেন্দ্রীয় মসজিদ পাড়ার মোঃ হুরমত আলীর মেয়ে। প্রতিবাসীরা জানান, তানিয়া খাতুনের একবৎসর আগে বিয়ে ২-এর পাতায় দেখুন



## মহেশপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা ও মাছের পোনা অবমুক্ত

**মোঃ আজাদ,মহেশপুর :** ঝিনাইদহের মহেশপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে র‌্যালী,আলোচনা সভা ও কপোতাক্ষ নদে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ চত্তর থেকে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে এক বনাঢ্য র‌্যালী বের করা হয়। র‌্যালীটি বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা পরিষদ চত্তরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের ২-এর পাতায় দেখুন

## বাজার থেকে যেসব নোট তুলে নেবে বাংলাদেশ ব্যাংক

**নিজস্ব প্রতিবেদক :** নতুন নোট প্রতিস্থাপনে বাংলাদেশ ব্যাংকের পরিচ্ছন্ন নোট নীতিমালা প্রণয়ন করা হয়েছে।
ডিজিটাল ব্যাংক, বাংলাদেশ ব্যাংক, বাজারে নিরবচ্ছিন্নভাবে পরিচ্ছন্ন নোটের প্রচলন নিশ্চিত করতে পরিচ্ছন্ন নোট নীতিমালার অনুমোদন দিয়েছে বাংলাদেশ ব্যাংক। নীতিমালা অনুযায়ী, অনাকাঙ্ক্ষিতভাবে সৃষ্ট বা ব্যবহারের কারণে ময়লাযুক্ত, ছেঁড়া-ফাটা, আগুনে ঝলসানো, ডাম্প, মরিচাযুক্ত, অধিক কালিযুক্ত, অধিক লেখাযুক্ত, স্বাক্ষরযুক্ত, বিভিন্ন খণ্ডে খণ্ডিত নোট প্রত্যাহার করা হবে।
গত সোমবার বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট বিভাগে ওই নীতিমালা সব ২-এর পাতায় দেখুন

## গাংনী থানার শীতাতাপ নিয়ন্ত্রিত লাশ সংরক্ষন ঘরের উদ্বোধন

**গাংনী প্রতিনিধি :** মেহেরপুরের গাংনী থানার শীতাতাপ নিয়ন্ত্রিত লাশ সংরক্ষন ঘরের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার দুপুরে থানা চত্তরে এ উদ্বোধন অনুষ্ঠিত হয়। যার নির্মাণ ব্যয় ধরা হয় ৮ লাখ টাকা। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলে মেহেরপুর-০২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, পিপিএম (সেবা)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক,গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী। এসময় গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়ামিন, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, তেতুঁলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, কাজিপুর ইউপি চেয়ারম্যান মু.আলম হুইসাইন, বামন্দী ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ, ধানখোলা ইউপি চেয়ারমান আব্দুর রাজ্জাক, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, রাইপুর ২-এর পাতায় দেখুন






## ঝিনাইদহে পৈত্রিক সম্পত্তি মুক্ত করার দাবীতে মানববন্ধন ও বিক্ষোভ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে বেদখল হওয়া পৈত্রিক সম্পত্তি দখলমুক্ত করার দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মসূচীর আয়োজন করে সদর উপজেলার ডাকবাংলা এলাকার মাগুরাপাড়ার কয়েকটি পরিবার। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ভুক্তভোগী ৮ টি পরিবার ও তাদের স্বজনরা অংশ নেয়।
সেসময় বক্তব্য রাখেন, ভুক্তভোগী আনোয়ার কবীর, আবুল কাশেম, আবুল কালাম আজাদ, আজিজুল হক ও আব্দুল ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন

**মেহেরপুর প্রতিনিধি :** জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে মৎস্য সপ্তাহের উদ্বোধনী, র‌্যালী,আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মেহেরপুর জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। মেহেরপুর সদর উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা মীর মোহাম্মদ জাকির হোসেনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুরের সিভিল সার্জন জাওয়াহেরুল আনাম সিদ্দিকী, অতিরিক্ত জেলা প্রশাসক কাজী কাদির মিয়া, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান প্রমুখ। পরে সেখানে মৎস্য চাষে বিশেষ ভূমিকা রাখায় তিনজনকে পুরস্কৃত করা হয়। পুরস্কার প্রাপ্তরা হলেন মেহেরপুর ২-এর পাতায় দেখুন






## কোটচাঁদপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উৎযাপন

**কোটচাঁদপুর প্রতিনিধি :** 'নিরাপদ মাছে ভরবো দেশ গড়বো স্মার্ট বাংলাদেশচ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুর মঙ্গলবার সকালে আলোচনা সভা, প্রামাণ্যচিত্র ও পুরস্কার বিতরণ করা হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সিনিয়র ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে শোভাযাত্রা আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** 'নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ' এ শ্লোগানে চুয়াডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুর ১২টায় জেলা প্রশাসক কার্যালয় চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহর প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। এরপর জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। পরে পুলিশ পার্কে মাথাভাঙ্গা নদীতে জেলা প্রশাসক ও পুলিশ সুপারের উপস্থিতিতে মাছের পোনা অবমুক্তকরণ করা হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা মৎস্য কর্মকর্তা দীপক কুমার পালের সভাপতিত্বে ২-এর পাতায় দেখুন



## হরিণাকুন্ডুতে সাপের কামড়ে কৃষকের মৃত্যু

**আবু সাইদ,হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে সাপেড় কামড়ে আব্দুল্লাহ (৩৫) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার দুপুরে কুলবাড়ীয়া গ্রামের পাট জাগ দেওয়ার সময় সাপে কামড় দেয়। আব্দুল্লাহ হরিণাকুন্ডু উপজেলার কুলবাড়িয়া গ্রামের আব্দুর সাত্তারের ছেলে।



গ্রামবাসী জানান, মঙ্গলবার দুপুরে পাট কেটে জাগ দেওয়ার সময় গর্তে পা দিলে তাকে সাপে কাটে। পরে তাকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এব্যাপারে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য ও পরিবার কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ জানান, রোগীকে অ্যান্টিভেনম দেয়া হয়েছিল কিন্তু কি সাপে কামড় দিয়েছে সেটা জানাতে পারেননি। পরে তার শারীরিক অবস্থার অবনতি হলে মৃত্যু হয়।

## মাগুরায় থানা হাজতের রড বাকিয়ে সাজাপ্রাপ্ত আসামির পলায়ন

**নিজস্ব প্রতিবেদক :** মাগুরার মহম্মদপুর থানা হাজতখানা থেকে সাজাপ্রাপ্ত এক আসামি কৌশলে পালিয়ে গেছে। এ ঘটনায় দারোগাসহ দু'পুলিশ সদস্যকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। সোমবার বেলা ১১টার দিকে আসামির পালিয়ে যাওয়ার ঘটনা ঘটে বলে জানিয়েছেন মাগুরার অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ কলিমুল্লা।
পলাতক সোয়েব আলী মোল্লার (২৫) বাড়ি মহম্মদপুর উপজেলার রোনগর গ্রামে। একটি চুরি মামলায় নড়াইল ২-এর পাতায় দেখুন

## গাংনীতে কলা ও কপির চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীতে দুলু শেখ নামের এক কৃষকের আড়াই বিঘা জমির কলার কান্দি ও এক বিঘা জমির কপির চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা। সোমবার দিবাগত রাতে যুগিন্দা গ্রামের ব্যাঙ গাড়ির মাঠে এই ঘটনা ঘটে। কৃষক দুলু ওই গ্রামের মৃত শুকুর শেখের ছেলে। কৃষক দুলু শেখ জানান, মোটা অংকের টাকায় জমি লিজ নিয়ে আড়াই বিঘা জমিতে ৫০০ টি কলা গাছ লাগিয়েছিলেন। সেই সাথে আরো এক বিঘা জমিতে ফুল কপির চারা দিয়েছিলেন। কলার কাদি বেশ পুষ্ট হয়ে উঠেছে। কদিন পরই বাজারে তোলা হবে। হঠাৎ আজ মঙ্গলবার সকালে ক্ষেতে গিয়ে ফসল তছরুপের ঘটনা দেখতে পান তিনি। এতে অন্তত: পাঁচ লাখ টাকার ক্ষয় ক্ষতি হয়েছে বলেও দাবী করেছেন ওই কৃষক। গাংনী ২-এর পাতায় দেখুন



## দামুড়হুদায় জাতীয় মৎস্য সপ্তাহে র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

**ইমরান হোসেন :** "নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ২৪ জুলাই থেকে শুরু হওয়া ৩০ জুলাই পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর নানা কর্মসূচি গ্রহণ করেছে।
মঙ্গলবার বেলা ১১টায় উপজেলা পরিষদ চত্বর থেকে এক বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালিটি দামুড়হুদা প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে উপজেলা পরিষদ চত্বরের পুকুরে ২০ কেজি রুই মাছের পোনা অবমুক্ত করা হয়। এরপর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস,উপজেলা ভাইস চেয়ারম্যান শহীদুল ইসলাম, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা মৎস্য কর্মকর্তা হামিদুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী সহ উপজেলার বিভিন্ন এলাকার মৎস্যজীবি সমবায় ২-এর পাতায় দেখুন




## দর্শনায় থানা পুলিশের ডেঙ্গু প্রতিরোধে সচেতনামূলক র‌্যালি অনুষ্ঠিত

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানা পুলিশের উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে সচেতনামূলক প্রচার র‌্যালি অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০ টার দিকে দর্শনা থানা থেকে র‌্যালিটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### মানব পাচার

## সচেতনতার বিকল্প নেই

কিছুতেই বন্ধ হচ্ছে না মানব পাচার বা পাচারকারীদের তৎপরতা। সর্বশেষ জানা যায়, নেত্রকোনার কলমাকান্দা উপজেলার ১৩ যুবক দালালের খপ্পরে পড়ে লিবিয়ায় গিয়ে ১৫ মাস ধরে নিখোঁজ রয়েছেন। তারা প্রত্যেকে স্থানীয় দালালদের ৭ লাখ করে টাকা দিয়ে গত বছরের ২০ মার্চ লিবিয়ায় পাড়ি জমান। এর কিছুদিন পর ভালো বেতনের প্রলোভন দেখিয়ে ইতালি পাঠানোর কথা বলে ওই যুবকদের অভিভাবকদের কাছ থেকে দ্বিতীয়বার টাকা আদায় করে দালালরা। এরপর তারা নতুন করে টাকা চাইলে এবং অভিভাবকরা তা দিতে অস্বীকৃতি জানালে যুবকদের মারধরের ভিডিও পাঠিয়ে তাদের বিক্রি করে দেওয়ার হুমকি দেওয়া হয়। এখন বিদেশে তাদের কোনো খোঁজ মিলছে না। বিষয়টি উদ্বেগজনক। এ নিয়ে নেত্রকোনা মানব পাচার ট্রাইব্যুনালে মামলা করা হয়েছে। প্রতিবছর বাংলাদেশ থেকে অন্তত ১০ লাখ মানুষ বিদেশ যান, যাদের মধ্যে অনেকেই পাচারকারীদের লক্ষ্যবস্তুতে পরিণত হয়ে জোরপূর্বক শ্রম, যৌন শোষণ, ইচ্ছার বিরুদ্ধে বিয়েসহ আধুনিক দাসত্বের শিকার হচ্ছেন। মূলত দেশের বিভিন্ন এলাকার সহজ-সরল মানুষকে দালাল চক্রগুলো মোটা অঙ্কের বেতনে চাকরির প্রলোভন দেখিয়ে প্রলুব্ধ করার পর বিদেশে পাচার করে থাকে। এ ক্ষেত্রে প্রতারণা, নির্যাতন, অপহরণ ইত্যাদি যেন সাধারণ বিষয়ে পরিণত হয়েছে। মানব পাচার রোধে দেশে আইন রয়েছে। ২০১২ সালের 'মানব পাচার প্রতিরোধ ও দমন আইনে' সংঘবদ্ধভাবে মানব পাচারের জন্য মৃত্যুদণ্ড, যাবজ্জীবন কারাদণ্ড ও সর্বনিম্ন ৭ বছরের কারাদণ্ড এবং অনূন্য পাঁচ লাখ টাকা অর্থদণ্ডের বিধান রয়েছে। এ আইনে বিচারের জন্য ইতোমধ্যে দেশের বিভিন্ন স্থানে ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। প্রশ্ন হলো, এরপরও অবৈধ মানব পাচার বন্ধ হচ্ছে না কেন? প্রথমত, কিছু মানুষের লোভ ও নির্বুদ্ধিতা এজন্য দায়ী। বিদেশ গমনেচ্ছুরা বৈধ রিক্রুটিং এজেন্সির বদলে অবৈধ দালাল চক্রের আশ্রয় নেওয়ায় এমন ঘটনা প্রায়ই ঘটছে। এ ব্যাপারে সবার সচেতন ও সতর্ক হওয়া প্রয়োজন। দ্বিতীয়ত, মানব পাচার প্রতিরোধ ও দমন আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে। প্রতারক দালাল চক্রগুলোর মূলোৎপাটন করতে হবে। দেশের কোনো নাগরিক যাতে পাচারের মতো দুর্ভাগ্যজনক পরিস্থিতির শিকার না হন, সেজন্য সরকারসহ সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। এ ছাড়া এক্ষেত্রে মানুষের সচেতনতার বিকল্প নেই। বিদেশগমনেচ্ছুরা দালালদের খপ্পরে যাতে না পড়ে সেজন্য পরিবারকেও সতর্ক থাকতে হবে।

## বৃক্ষরোপণে বিশেষ অবদান রাখায়

আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার প্রদান করেন। চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার শিবনগর-হরিরামপুর ডিসি ইকো পার্কের ২য় স্থান অধিকারের পুরস্কার গ্রহণ করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এই বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, সম্মান দেয়ার মালিক আল্লাহ, সকল প্রশংসা সৃষ্টিকর্তা মহান রব্বুল আলামিনের। আমি আমার কর্ম জীবনে বাংলাদেশের যেখানেই থেকেছি, নিজের সর্বোচ্চটা দিয়েই কাজ করে চলেছি, চলবো আজীবন। আমি রাষ্ট্রের দেয়া সকল আদেশ ও নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করে চলেছি চলবো। বাংলাদেশের যেখানেই থাকিনা কেন আমি সব সময় ন্যায়, নিষ্ঠা ও সততা দিয়ে কাজ করে যাবো। তবে দামুড়হুদায় এসে আমার যত অর্জন এসেছে সব কিছুর অবদান এই উপজেলাবাসীর। এই উপজেলার সামাজিক, রাজনৈতিক, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সাংবাদিক, সুশীল সমাজ সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ আমাকে সহযোগিতা করেছেন। তাই আমার সকল অর্জন আপনাদের জন্য রেখে দিলাম। আমি আগামী দিনেও সকল কাজে আপনাদের সহযোগিতা কামনা করছি। আপনাদের সহযোগিতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের সকল প্রচেষ্টা আরো সহজ হবে, আমরা পাবো একটি ডিজিটাল-স্মার্ট সোনার বাংলাদেশ। অপরদিকে "খ" ক্যাটাগরিতে প্রথম পুরস্কার পেয়েছে রাজশাহী সিটি করপোরেশন ও তৃতীয় পুরস্কার পেয়েছে রাঙামাটি পুলিশ সুপারের কার্যালয়। উল্লেখ্য, বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর পুরস্কার তালিকা ভুক্ত হয় ১৮ ব্যক্তি-প্রতিষ্ঠান। বৃক্ষরোপণে বিশেষ অবদান রাখায় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কারের জন্য ছয়টি ক্যাটাগরিতে ১৮ ব্যক্তি ও প্রতিষ্ঠানের নাম চূড়ান্ত করে। পুরস্কারপ্রাপ্তদের তালিকা ছয় ব্যক্তি ও ১২টি প্রতিষ্ঠান রয়েছে। এর আগে উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের কমিটিতে যাচাই-বাছাই শেষে খসড়া তালিকা প্রণয়ন করা হয়। ১৯৯৩ সাল থেকে চালু হওয়া এই পুরস্কারের প্রতিটি ক্যাটাগরিতে পুরস্কারপ্রাপ্তদের সনদপত্র দেওয়া হয়। এবং পুরস্কারের মূল্যমান হিসেবে প্রথম পুরস্কারের জন্য এক লাখ টাকা, দ্বিতীয় পুরস্কারের জন্য ৭৫ হাজার এবং তৃতীয় পুরস্কারের জন্য ৫০ হাজার টাকা প্রদান করা হয়।

## শৈলকুপায় জাতীয় মৎস্য সপ্তাহের

করা হয়। উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা ,সাবেক প্রতিমন্ত্রী ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম হাকিম আহমেদ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি মতিয়ার রহমান বিশ্বাস, চেয়ারম্যান সান্দার হোসেন মোল্ল্যা চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জুয়েল পারভেজ কর্নেল। সেসময় বক্তারা, মৎস্য চাষে প্রযুক্তির ব্যবহার বাড়াতে সকলের প্রতি আহ্বান জানান। সেই সাথে নিরাপদ মাছ উৎপাদন ও বাজারজাত করতে পরামর্শ দেন।

## এখনো পর্যন্ত কাজের স্বচ্ছতা নিশ্চিত

সাংবাদিক ও বিভিন্ন গণমাধ্যম কর্মীদের সাথে মত বিনিময় সভায় তিনি একথা বলেন। জেলা প্রশাসক বলেন, এখনো পর্যন্ত যে ভালো কাজ করি ও কোন কাজের স্বচ্ছতা নিশ্চিত হচ্ছে তা শুধু আইন-কানুনের প্রয়োগ ও সাংবাদিকদের কল্যাণেই। তিনি বলেন আপনাদের লেখনির মাধ্যমে যেমন একটি ভাল কাজ সম্পন্ন হয় ঠিক তেমনি একটি খারাপ লেখনীর মাধ্যমে সমাজ অনেক ক্ষতিগ্রস্ত হতে পারে। তাই তিনি পেশাগত দায়িত্ব পালনে সকল সাংবাদিকদের স্বচ্ছতা নিশ্চিত করার আহবান জানান। তিনি আরও বলেন, আমার বাড়ি আপনাদের পাশের জেলা ঝিনাইদহের কালিগঞ্জে। আমি আপনাদেরই খুব কাছের মানুষ। আমি যখন কয়রাতে ইউএনও হিসেবে দায়িত্বে ছিলাম তখন আমার সবচেয়ে ভালো বন্ধু ছিলো ৮-১০ জন সাংবাদিক। আমি যখন জননিরাপত্তা বিভাগে ছিলাম ওখানেও আমার সাংবাদিকদের সাথে আমার সুসম্পর্ক ছিলো। মতবিনিময় সভায় নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ শামীম হাসানের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা উল জান্নাহ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কাজী কাদের মিয়া। মতবিনিময় সভায় অন্যদের মধ্যে মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সিনিয়র সাংবাদিক তুহিন আরণ্য, রফিকুল আলম, জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজমসহ জেলায় কর্মরত বিভিন্ন সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

## মিনিস্টার গ্রুপের চেয়ারম্যান এম

পাঠান এবং ভবিষ্যতে তার পাশে থাকবেন এই আশা ব্যক্ত করেন।

এম এ রাজা খান রাজ এর আগেও আল মুহসিন সমাজ কল্যাণ সংস্থার মাধ্যমে অসহায় মানুষের পাশে ছিলেন এবং ভবিষ্যতে পাশে থাকবেন। সকালে এম এ রাজ্জাক খান রাজের জন্য দোয়া করবেন।

এ সময়ে উপস্থিত ছিলেন অত্র সংগঠনের সভাপতি ইউসুফ, নির্বাহী সদস্য রাজিবুল ইসলাম সহ সংগঠনের সদস্যবৃন্দ।

## আলমডাঙ্গায় যুবলীগের সাবেক

আবেদীন খোকন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা কৃষকলীগের যুগ্ম সাধারন সম্পাদক আব্দুল্লা আল হুসাইন দিপক, সাবেক ছাত্রলীগ নেতা পৌর কাউন্সিলর আশরাফুল হোসেন বাবু, আওয়ামী লীগ নেতা খাইরুল বাশার বাবুল, উপজেলা যুবলীগের সদস্য কাজী চন্দন, এমএস বাসার রিভেন, যুবলীগ নেতা লক্ষণ কর্মকার, আর্দি ইউপি মেম্বার শেখ শাহ-নুর রহমান টিপ, ধার দিয়া ইউনিয়নের যুবলীগ নেতা শেখ রুবেল, জামদানি ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহবায়ক মারবুল হক লাল, শাহাবুদ্দিন, কামরুল হক, রবিন খান, জেলা ছাত্রলীগ নেতা শেখ ইমতিয়াজ নিমপন, উপজেলা ছাত্রলীগ নেতা তামিম শাওরিয়ার তপু, এসকে শাকিল, মেয়াদ হোসেন, পৌর ছাত্রলীগ নেতা এস এম সাবিরুজ্জামান, কলের ছাত্রলীগ নেতা আশিকুজ্জামান আশিক, নাঈম হোসেন, টগর, পান্নু, ইমন, মানিক হাসান প্রমুখ।

বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ সামসুল আবেদীন খোকন বলেন,আমার দীর্ঘ রাজনৈতিক জীবনে ত্যাগ তিতিক্ষা ও সততার কারনে মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা আমাকে নৌকার মনোনয়ন দেবেন বলে আমি আশা করছি। আমি ছাত্র রাজনিতি করেছি,আপনারা আমাকে জেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত করেছিলেন। তাই আমি জেলা পরিষদকে তৃনমুল পর্যায়ে পরিচিত করিয়েছি। মসজিদ,মাদ্রাসা,মন্দীর,ছোট ছোট রাস্তা,শিক্ষা প্রতিষ্টান,শীত বস্ত্র বিতরন, মেধাবি ছাত্র বৃত্তি,ত্রান বিতরন,সেলাই মেশিন,হুইল চেয়ার বিতরন কার্যক্রম স্বচ্ছতার সাথে পরিচালিত করেছি।মান-নীয় প্রধান মন্ত্রীর নির্দেশে ডিজিটাল বাংলাদেশ ও উন্নয়ন শীল রাষ্ট হিসেবে গড়ে তোলার জন্য কাজ করেছি। আগামী জাতীয় সংসদ নির্বাচনে যদি আমি আওয়ামীলীগের দলীয় নৌকার প্রার্থী হতে পারি তাহলে আলমডাঙ্গাকে স্মার্ট আলমডাঙ্গা হিসেবে গড়ে তুলব।

## ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহের

মুক্তিযোদ্ধা ,সাবেক প্রতিমন্ত্রী ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। বিশেষ অতিথি ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) ইমরান জাকারিয়া, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমী, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা মৎস্য অফিসার ফরহাদুর রেজা।

সেসময় বক্তারা, মৎস্য চাষে প্রযুক্তির ব্যবহার বাড়াতে সকলের প্রতি আহ্বান জানান। সেই সাথে নিরাপদ মাছ উৎপাদন ও বাজারজাত করতে পরামর্শ দেন। আলোচনা সভা শেষে ৫ জন মৎস্যজীবিকে পুরস্কৃত করা হয়।

## মহেশপুরে ফেন্সিডিলসহ মাদক

ইউনিয়নের রুলী এলাকায় ফেন্সিডিল বিক্রয় হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালালে বাবুল আক্তারকে গ্রেফকার করা হয়। এসময় তার নিকট থেকে ভারতীয় অবৈধ ৪৬ বোতল ফেন্সিডিলসহ উদ্ধার করে র‍্যাব। মহেশপুর থানায় মাদক আইনে একটি মামলা হয়েছে।

## মেহেরপুরে দুটি স্কেভেটর

ঘটিয়েছে কোন ধারণা করতে পারছি না। তিনি বলেন আমাদের সাথে কারও কোন শত্রুতা নেই তবুও এমন ঘটনা আমাদের সাথে ঘটবে এটা ভাবতে পারিনি। ঋণের দায় মাথায় নিয়ে দুইটি গাড়ি কিনেছিলাম। আগামি একমাস পরেই সিজনের জন্য দুইটি গাড়িকেই প্রস্তুত করে রেখেছিলাম, কাজ শুরুর আগেই এমন ক্ষতি আমাদেরকে পুরো ধ্বংস করে দিয়েছে। এঘটনায় মেহেরপুর সদর থানায় একটি অভিযোগ দেওয়া হয়েছে। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, এস্কেভেটরের অগ্নিকাণ্ড ঘটনায় ভাটার মালিক পক্ষ থেকে অভিযোগ পাওয়া গিয়েছে। ইতিমধ্যে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## হরিণাকুন্ডুতে গলায় ওড়না দিয়ে

হয়েছিলো। এরপর থেকে স্বামীর সঙ্গে কলহ চলে আসছিলো। হঠাত বিকাল বেলা নিজের শোবার ঘরের আড়ার সাথে ওড়না পেচিয়ে জুলে পড়ে। এসময় বাড়ীর লোকজন ঠিক পেয়ে হরিণাকুন্ডু উপজেলা হাসপাতালে নিয়ে যায়। চিকিৎসাধীন অবস্থায় মারা যায় তানিয়া।

হরিণাকুন্ডু থানার ওসি আবু আজিফ আত্মহত্যার বিষয়টি নিশ্চিত করেন।

## যশোরে প্রতিপক্ষের হামলায়

নিয়ে ২৪ জুলাই বিকেলে প্রথম দফা এবং ২৫ জুলাই সকালে দ্বিতীয় দফায় গোলযোগ হয়। মঙ্গলবার সকালে ওই আসামিপক্ষ স্থানীয় মহুরী মিজানুর রহমানের নেতৃত্বে আব্দুল লতিফ পরিবারের উপর হামলা চালায়।

হামলাকারীরা হলেন আব্দুস সাত্তার, তার ছেলে সাদ্দাম হোসেন, সাব্বির, শাকিল, আব্দুল হক ও মেয়ে রেখা। মারপিটের পর মাটিতে লুটিয়ে পড়েন আব্দুল লতিফ মোল্লা ও তার ছেলে শিমুল হোসেন। সকাল দশটার দিকে তাদের উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করেন স্থানীয়রা।

এ ঘটনায় স্থানীয়রা ৯৯৯ এ কল দেয়ার পর থানার এসআই মিজানুর রহমান ও এস আই রফিকুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেন। এরপর বিষয়টি অফিসার ইনচার্জ তাজুল ইসলামকে অবহিত করলে এসআই আক্তারুজ্জামান হাসপাতাল যান। তিনি আহতদের সাথে এবং পরিবারের সদস্য রমজানের সাথে কথা বলেন। এরপর অভিযান চালিয়ে হত্যা চেষ্টাকারী আব্দুস সাত্তার ও তার ছেলে সাদ্দাম হোসেনকে আটক করেন। এ ঘটনায় চাঁদপাড়া গ্রামে উত্তেজনা বিরাজ করছে। পুলিশের তিন টিম এলাকায় নজরদারি করছে।

স্থানীয়রা জানিয়েছেন, এলাকার আলোচিত মাদক কারবারী মিজানুর রহমান মহুরীর উস্কানিতে এ হামলার ঘটনা ঘটেছে। তিনি আব্দুস সাত্তারের ভাড়াটিয়া হিসেবে এ ঘটনা ঘটিয়েছেন।

ভুক্তভোগী পরিবারের সদস্য রমজান আলী জানিয়েছেন, তার বাবা আব্দুস সাত্তার ও ভাই শিমুলের অবস্থা ভালো নয়। হামলার শিকার হয়েছেন তার মা আমেনা বেগম। বাড়িতে ইট কেনার এক লাখ টাকা ও ৮০ হাজার টাকার মধ্যে দুটো মোবাইল ফোন নিয়ে গেছে। তিনি এ ব্যাপারে পুলিশ সুপারের হস্তক্ষেপ কামনা করেছেন।

এ ঘটনায় থানার অফিসার ইনচার্জ (ওসি) তাজুল ইসলাম বলেন, হামলায় জড়িত আব্দুস সাত্তার চক্রের বিরুদ্ধে থানায় এর আগেও কয়েকটি অভিযোগ এবং জিডি রয়েছে। ২৪ জুলাই বিকেলের হট্টগোল ও ২৫ জুলাই সকালের হামলার ঘটনায় পুলিশ অভিযান চালিয়ে দু'জনকে আটক করেছে। পলাতকদের খোঁজা হচ্ছে। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

## ঝিনাইদহে পৈত্রিক সম্পত্তি মুক্ত

হাকিম। সেসময় বক্তারা বলেন, দেখভালের সুযোগে মাগুরাপাড়ার বাসিন্দা নিয়ামত মোল্লার সমস্ত জমি বেনামে রেকর্ড করে নেয় নবীরন নেছা ও তার ছেলে সিরাজুল ইসলাম, সাইফুল ইসলাম, নুরুল ইসলাম ও তার জামাই শিলু । সম্পত্তি থেকে বঞ্চিত নিয়ামত মোল্লার ৫ ছেলে ও ৩ মেয়ে আদালতে মামলা করলে আদালত তাদের পক্ষে রায় দেয়। কিন্তু এখনও সেই জমি জোরপুর্বক দখল করে রেখেছে সিরাজুল ইসলাম, সাইফুল ইসলাম, নুরুল ইসলাম ও শিলু। জমিতে গেলে মারধর করা হচ্ছে। তাই পাওয়া জমি দখলমুক্ত করতে প্রশাসনসহ সংশ্লিষ্ট হস্তক্ষেপ কামনা করা হয় মানববন্ধন থেকে।

## গাংনী থানার শীতাতাপ নিয়ন্ত্রিত

ইউপি চেয়ারম্যান গোলাম সাকলাইন সেপুসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গরা উপস্থিত ছিলেন।

## মহেশপুরে জাতীয় মৎস্য সপ্তাহ

সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান হাসিনা খাতুন হেনা, উপজেলা মৎস্য কর্মকর্তা তৌফিক আহম্মেদ, পৌর ল্যাব মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষাবিদ এটিএম খাইরুল আনাম প্রমুখ। পরে শ্রেষ্ঠ মৎস্যজীবীদের মাঝে বিভিন্ন ধরনের পুরস্কার বিতরণ করে অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

## মেহেরপুরে জাতীয় মৎস্য

সদর উপজেলার হিজুলি গ্রামের মফিজুর রহমান লিখন, মুজিবনগর উপজেলার কেদারগঞ্জের আবু নাঈম এবং গাংনী কাজিপুরের আব্দুল আলিম। এর আগে মেহেরপুরে জেলা প্রশাসক ও জেলা মৎস অফিসের আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে নবাগত জেলা প্রশাসক শামীম হাসানের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র‍্যালী বের করা হয়। র‍্যালীটি শহরের জেলা শিল্পকলা একাডেমি মোড় থেকে শুরু করে প্রধান প্রধান সড়ক পদক্ষেণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ের কাছে গিয়ে শেষ হয়।

র?যালীতে অন্যদের মধ্যে সিভিল সার্জন ডা. জওহারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কাজী কাদির মিয়া, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জাম, জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সাইদুর রহমান, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন উপস্থিত ছিলেন।

## কোটচাঁদপুরে জাতীয় মৎস্য

মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার। মৎস্য অবমুক্তকরণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামী লীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি,সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, বলুহর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্সের ব্যবস্থাপক আশরাফ-উল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল,বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম,মডেল থানার (ওসি তদন্ত) জগন্নাথ চন্দ্র, পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর, জেলা যুবলীগের সদস্য আব্দুর রউফ, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাশেম, পৌরসভার প্যানেল মেয়র ২ জাহিদ হোসেন, কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান,মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, প্রমুখ। অনুষ্ঠান টি সঞ্চালনা করেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। এ সময় ৫ জন প্রান্তিক মৎস্য চাষীর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। এবং ২৫ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত চলবে মৎস্য সপ্তাহ। এছাড়াও উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, প্রান্তিক মাছ চাষি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকসহ নানা শ্রেনী পেশার মানুষ উপস্থিতি

## চুয়াডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ

অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সভায় অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কবির হোসেন ও জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। যুব উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র ইন্সট্রাক্টর রুহুল আমিনের সঞ্চালন-ায় সভায় মৎস্য বিভাগের সিনিয়র সহকারী পরিচালক রবিউল ইসলাম মৎস্য বিষয়ে পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রেজেন্টেশন করেন। এ ছাড়া সভায় উজ্জ্বলপুর মৎস্য সমবায় সমিতির সাবেক সম্পাদক ফজলুর রহমান বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন মৎস্য খামারের কর্মকর্তা মো. আলাউদ্দিন এবং গীতা পাঠ করেন অর্পণ কুমার দে। আলোচনা সভা শেষে মাছ উৎপাদনে অবদান রাখায় জেলা পর্যায়ের শ্রেষ্ঠ তিন মৎস্য চাষীকে পুরস্কৃত করা হয়। তাঁরা হলেন, বড় রুই মাছ উৎপাদনে জীবনগরের বিজয় হালদার, তেলাপিয়া ও পাঙ্গাস মাছ উৎপাদনে আলমডাঙ্গার তরিকুল ইসলাম ও পাঙ্গাস মাছ উৎপাদনে চুয়াডাঙ্গার দশমাইলের আলী আজম। আলোচনা সভায় জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, যেখানে সেখানে জলাশয় ভরাট করবেন না। সঠিকভাবে জলাশয় রক্ষনাবেক্ষণ করতে হবে। নদী-নালা ও হাওড় যেভাবে আছে তাকে সেভাবে থাকতে দিতে হবে। গাছ ও জলাশয়ের সংখ্যা বাড়াতে পারি তাহলে আগামী ৫ বছরের মধ্যে আবহাওয়ার পরিবর্তন হবে। এজন্য ভৌগলিক কারণ ও নিজেরা দায়ী। বৃক্ষ ও জলাশয় ইনব্যালান্স থাকে। তাহলে এমন হয়। ১০-১৫ ভাগ জলাশয়। মাছ ও মাটির বাতাসের আর্দ্রতা দরকার। আমাদের করণীয় কি ? বেশি বেশি গাছ লাগাতে হবে। দেশীয় গাছ লাগাতে হবে। আমাদের জলাশয়ে পানি থাকে না। ফাঁকা জায়গায় গাছ লাগাতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ মেনে চলতে হবে।

## দামুড়হুদায় জাতীয় মৎস্য সপ্তাহে

সমিতির সদস্যরা। অনুষ্ঠানটির সঞ্চলায় ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার হারুন অর রশীদ।

## গাংনীতে কলা ও কপির চারা

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

## মাগুরায় থানা হাজতের রড

আদালত তাকে ৬ বছরের কারাদন্ড দিয়েছিল। অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ কলিমুল্লা জানান, গোপন সংবাদের ভিত্তিতে রোববার সন্ধ্যায় সোয়েব আলীকে গ্রেপ্তার করে মহম্মদপুর থানা পুলিশ। এরপর তাকে থানা হাজতেই রাখা হয়। পরিদন বেলা ১১টার দিকে কৌশলে তিনি হাজতের রড বাঁকা করে পালিয়ে যায়। তাকে গ্রেপ্তারের জন্য পুলিশ ব্যাপক অভিযান চালিয়ে যাচ্ছে। ঘটনাটি দিনের প্রথম ভাগের হলেও সন্ধ্যায় আসামি পলায়নের বিষয়টি জানাজানি হয়। তবে রাত পর্যন্ত সোয়েব আলীর কোনো সন্ধান পাওয়া যায়নি বলে থানা পুলিশ সূত্র জানিয়েছে।

এ ঘটনায় মহম্মদপুর থানার উপপরিদর্শক মোহাম্মদ শাহিন ও ডিউটিতে থাকা পুলিশ সদস্য মোহাম্মদ পাপ্পুকে সাময়িক বরখাস্ত করা হয়েছে বলে জানান অতিরিক্ত পুলিশ সুপার। এ ঘটনায় গোটা উপজেলা জুড়ে তোলপাড় চলছে।

## দর্শনায় থানা পুলিশের ডেঙ্গু

করে। র‍্যালি অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবু। সেসময় আরো উপস্থিত ছিলেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহেদ, (ওসি) তদন্ত আমানুল্লাহ আমান, সেকেন্ড অফিসার এসআই আব্দুর রহমান প্রমুখ। র‍্যালিতে দর্শনা থানা পুলিশের সকল সদস্য অংশগ্রহণ করে।

## জয়রামপুর মুসলিম প্রেমিকাকে না

চালক কাছেদের মেয়য়ে কামনা (২১) এদের মধ্যে বেশ কয়েক বছর ধরে চলে আসছে প্রেমের সম্পর্ক। এক পর্যায়ে তাদের দুজনের কিছু অনস্তরঙ্গ ছবি এলাকায় ভাইরাল হয়ে যায়।

এবিষয়য়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

## ডেঙ্গু পরিস্থিতি সামাল দিতে

আকারে দেখা দিতে পারে। কারণ সামনে ডেঙ্গুর মৌসুম শুরু হবে। পরিত্রাণ পাওয়ার একমাত্র উপায় এডিস মশার বংশ বিস্তার নিয়ন্ত্রণ করা। এডিস মশা নিধন করা না গেলে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। সূত্র জানায়, বিগত ১৯৭৪ সালে দেশে সংক্রামক ও অসংক্রামক রোগ প্রতিরোধে অভিজ্ঞ জনবল তৈরি ও প্রশিক্ষণের জন্য জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম) প্রতিষ্ঠা করা হয়। প্রতি বছর ওই প্রতিষ্ঠান থেকে ১৭৫ জন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ বের হচ্ছে। অথচ তাদেরকে মশক নিধন কার্যক্রমে রাখা হয়নি। এ প্রতিষ্ঠানটি ও আইইডিসিআর করোনা মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। অতি সম্প্রতি, স্বাস্থ্য অধিদপ্তর ও দুই সিটি কর্পোরেশনের সমন্বয়ে ডেঙ্গু পরিস্থিতি নিয়ে যৌথ সভা অনুষ্ঠিত হয। ওই সভায় মশক নিধন নিয়ে সিটি করপোরেশন কর্মকর্তাদের অবৈজ্ঞানিক কথাবার্তা বলায় তখনই বিশেষজ্ঞরা উপলব্ধি করতে পারেন মশক নিধন কার্যক্রম নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার গাইডলাইন নিয়ে প্রকৃত কোন ধারনাই নাই। এমন পরিস্থিতিতে যার কাজ তাকে দিয়ে না করালে জাতির দুর্দশা শেষ হবে না। এদিকে স্বাস্থ্য অধিদপ্তরের শীর্ষ কর্মকর্তাদের মতে, চিকিৎসকদের কাজ হলো চিকিৎসা দেয়া, মশা মারার কাজ তাদের না। যার কাজ তাকে না করালে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়াই স্বাভাবিক। অন্যদিকে এ প্রসঙ্গে প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক ও ইমেরিটাস অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ বলেন, চিহ্নিত শত্রুকে নিয়ন্ত্রণ করা সহজ। কিন্তু তা নিয়ে উদাসীনতা মহাবিপর্যয় ডেকে আনবে।

## শেষ পর্যন্ত দানকর দিলেন

গতকাল ড. মুহাম্মদ ইউনূস সেই দানকর পরিশোধ করেছেন।

এর আগে রোববার (২৩ জুলাই) আয়কর কর্তৃপক্ষের 'দানকর' আরোপ বৈধ ঘোষণা করে দেওয়া রায়ের বিরুদ্ধে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের করা পৃথক তিনটি লিভ টু আপিল (আপিল করার অনুমতি চেয়ে আবেদন) খারিজ করে দিয়েছেন আপিল বিভাগ।

জানা যায়, ১৯৯০ সালের দানকর আইন অনুযায়ী ২০১১-২০১২ করবর্ষে মোট ৬১ কোটি ৫৭ লাখ ৬৯ হাজার টাকা দানের বিপরীতে ১২ কোটি ২৮ লাখ ৭৪ হাজার টাকা কর দাবি করে নোটিশ পাঠায় জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। ২০১২-২০১৩ করবর্ষে আট কোটি ১৫ লাখ টাকা দানের বিপরীতে এক কোটি ৬০ লাখ ২১ হাজার টাকা দানকর দাবি করা হয়। আর ২০১৩-২০১৪ করবর্ষে সাত কোটি ৬৫ হাজার টাকা দানের বিপরীতে এক কোটি ৫০ লাখ ২১ হাজার টাকা কর দাবি করে নোটিশ দেয় এনবিআর। দানের বিপরীতে কর দাবি করে এনবিআরের এসব নোটিশের বৈধতা চ্যালেঞ্জ করে আপিল ট্রাইব্যুনালে মামলা করেন ড. ইউনূস। তার দাবি, আইন অনুযায়ী দানের বিপরীতে এনবিআর এ কর দাবি করতে পারে না। এরপর ২০১৪ সালের ২০ নভেম্বর তার আবেদন খারিজ করে দেওয়া হয়। এরপর ২০১৫ সালে তিনি হাইকোর্টে তিনটি আয়কর রেফারেন্স মামলা করেন। মামলাগুলোর প্রাথমিক শুনানি নিয়ে দানকর দাবির নোটিশের কার্যকারিতা স্থগিত করে ২০১৫ সালে রুল জারি করেন হাইকোর্ট। ওই রুলের চূড়ান্ত শুনানি শেষে মৃত্যু ও পরিবারের সদস্যদের কল্যাণ চিন্তা করে নিজের নামে প্রতিষ্ঠিত তিনটি ট্রাস্টে যে টাকা দান করেছেন, সেই দানের বিপরীতে এনবিআরের আরোপ করা দানকর বৈধ ঘোষণা করে গত ৩১ মে রায় দেন হাইকোর্ট।

## সেপ্টেম্বর-অক্টোবরে শেখ হাসিনার

পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

তিনি বলেন, 'সেপ্টেম্বর-অক্টোবরের দিকে আমরা শেখ হাসিনার নেতৃত্বে মুক্তিযুদ্ধের সপক্ষের সব শক্তিকে নিয়ে আগামী নির্বাচনে বিজয়ের লক্ষ্যে অভিযাত্রা শুরু করব। আর ছাড় নয়- এই দেশকে আমরা মুক্তিযুদ্ধবিরোধী পাকিস্তানের বন্ধুদের হাতে ছেড়ে দিতে পারি না। এদের হাতে গণতন্ত্র নিরাপদ নয়। বাংলাদেশের উন্নয়ন নিরাপদ নয়।'

ওবায়দুল কাদের আজ মঙ্গলবার সকালে রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে এক মতবিনিময় সভায় এ কথা বলেন।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের সঙ্গে সহযোগী সংগঠনসমূহের সভাপতি-সাধারণ সম্পাদক এবং ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ ও ঢাকা জেলা আওয়ামী লীগের সভাপতি-সাধারণ সম্পাদকদের এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ওবায়দুল কাদের বলেন, আওয়ামী লীগ চায় সংঘাতমুক্ত, শান্তিপূর্ণ, অবাধ ও সুষ্ঠু নির্বাচন। কিন্তু জনসমর্থনে অবিশ্বাসী বিএনপি নির্বাচনে সংঘাত করতে আগ্নেয়াস্ত্র মজুদ করছে। খবর পাচ্ছি সীমান্তের এপার থেকে অস্ত্র কিনছে তারা।

তিনি বলেন, বিএনপি জানে- গণশক্তি জনশক্তি নয়। তারা মনে করে- অস্ত্রশক্তি হলো আসল শক্তি। যারা অস্ত্র দিয়ে ক্ষমতা আসে, তাদের প্রতি জনগণের আস্থা থাকার কথা নয়।

ওবায়দুল কাদের বলেন, জিয়াউর রহমান জনসমর্থন নিয়ে ক্ষমতায় আসেনি। সেই ধারাবাহিকতায় জনগণের প্রতি বিএনপির আস্থা নেই। তারা জানে যে- নির্বাচন হলে কী ফল হবে।

তিনি বলেন, বিএনপি এমন একটা দল যে দলকে গ্যারান্টি দিতে হবে নির্বাচন হলে তাদের জয় সুনিশ্চিত। নতুবা তারা নির্বাচনের চলমান ব্যবস্থার প্রতি আস্থাশীল হবে না।

দলীয় নেতাকর্মীদের প্রতি ওবায়দুল কাদের বলেন, চোখ কান খোলা রাখুন। সতর্ক থাকতে হবে নির্বাচন পর্যন্ত। বিএনপি সংঘাত চায়। মাঠে সতর্ক থাকব সংঘাত যারা করতে আসবে তাদের প্রতিহত করব। তারা খালি মাঠ পেলে সংঘাত করবে। সেই প্রস্তুতি তারা নিচ্ছে।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, আমাদের শোকের মাসের কর্মসূচিও যখন আমরা নিতে যাই তখনও বিএনপি ও তার দোসরাতো বলেই, কিছু মিডিয়াও এসব পাল্টাপাল্টি কর্মসূচি বলে প্রচার করে। শোকের মাসেও কি আমরা পাল্টাপাল্টি কর্মসূচি করতে যাচ্ছি? আমরা তো বলেছি আগামী নির্বাচন পর্যন্ত মাঠে থাকব। ২৪ থেকে ২৭, ২৭ থেকে ৩০ এটা আমাদের সুবিধার ব্যাপার। আপনারা ডেকেছেন মহাসমাবেশ আর আমাদেরটা হলো তারুণ্যের সমাবেশ। তারুণ্যের যাত্রা। এখানে পাল্টাপাল্টি হলো কি করে? কোথায় পাল্টাপাল্টি হলো?

তিনি বলেন, কি কারণে আমরা সংঘাত করব? সংঘাত তারাই করে যারা দুর্বল, তাদের কোনো সমর্থক নেই। আমরা সংঘাত করতে যাব কেন?

শোকের মাসের কর্মসূচি ঠিক করতেই এ মতবিনিময় সভা ডাকা হয়েছে জানিয়ে ওবায়দুল কাদের বলেন, ৫ আগস্ট শেখ কামালের জন্মদিন উপলক্ষে বনানী কবরস্থানে শ্রদ্ধা জানানো হবে। ৮ আগস্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জন্মদিন উপলক্ষে বনানী কবরস্থানে শ্রদ্ধা নিবেদন করা হবে। এছাড়া ১৫ এবং ২১ আগস্টকে কেন্দ্র করে বিভিন্ন ধরনের কর্মসূচি পালন করবে আওয়ামী লীগ।

সভায় উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য বেগম মতিয়া চৌধুরী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেলন হক, সভাপতিমন্ডলীর সদস্য কাজী জাফরুল্লাহ, ড. আব্দুর রাজ্জাক, ফারুক খান, মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীর বিক্রম, জাহাঙ্গীর কবির নানক, অ্যাডভোকেট কামরুল ইসলাম ও ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ ও আ ফ ম বাহাউদ্দিন নাছিম, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জমান খান কামাল, সাংগঠনিক সম্পাদক আহমদ হোসেন, বিএম মোজাম্মেল হক, মির্জা আজম ও সুজিত রায় নন্দী এবং দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

## সেপ্টেম্বরে সংশোধন হচ্ছে

করা হবে এবং আশা করছি পাস হবে।

গতকাল মঙ্গলবার সচিবালয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মানবাধিকারবিষয়ক বিশেষ প্রতিনিধি ইমন গিলমোরের সঙ্গে বৈঠক শেষে আইনমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন।

তিনি বলেন, ইউরোপীয় ইউনিয়ন এবং বাংলাদেশের মধ্যকার যে সম্পর্ক আছে সেটা তার সফরে (ইমন গিলমোর) আরও জোরদার হলো। নতুন আঙ্গিকে আমাদের এই সম্পর্কটা কাজ হবে।

আইনমন্ত্রী বলেন, আমরা তথ্য সুরক্ষা আইন নিয়ে কথা বলেছি। ডেটা প্রটেকশন অ্যাক্ট নিয়ে অংশীজনের সঙ্গে একবার আলোচনা করার পর একটি ড্রাফট করা হয়েছে। এই ড্রাফট নিয়ে আবারও অংশীজনের সঙ্গে বসা হবে বলে জানিয়েছেন আইসিটি প্রতিমন্ত্রী।

আনিসুল হক বলেন, তার সঙ্গে আমার শ্রম আইন নিয়ে আলাপ হয়েছে। এ বিষয়ে আমি বলেছি শ্রমিক এবং শ্রম আইন নিয়ে বাংলাদেশে অনেক কাজ হয়েছে এবং বর্তমানে করছি। আগামীতেও করা হবে। যেটুকু সমস্যা আছে সেটা আইএলও এর আগামী গভর্নিং বডির মিটিংয়ে সমাধান হবে আশ্বাস দিয়েছি। আমি এ বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের সহযোগিতা চেয়েছি।

আইনমন্ত্রী বলেন, আমরা নির্বাচন কমিশনার এবং প্রধান নির্বাচন কমিশনার নিয়োগের ব্যাপারে যে আইনটি করেছি সেটার ব্যাপারে আমি তাকে বলেছি। গত পঞ্চাশ বছরে উপমহাদেশে এ ধরনের আইন করা হয়নি বলেও জানিয়েছি। একইসঙ্গে একটি অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচনে এ আইনটি প্রয়োজন বলে জানিয়েছি। কী ধরনের সংশোধন আনা হচ্ছে ডিজিটাল নিরাপত্তা আইনে এমন প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, এটার জন্য আপনাদের একটু অপেক্ষা করতে হবে। আমি মনে করি আপনাদের পরামর্শ সরকারের কাছে অনেক গুরুত্বপূর্ণ। আমি এটুকু বলতে পারি- ডিজিটাল সিকিউরিটি আইনের যে সংশোধন হচ্ছে তাতে আপনারা সকলে খুশি হবেন।

## আওয়ামী লীগ বিএনপির

পারে। সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, বিএনপিকে নির্বাচনে আসা এবং একটি গ্রহণযোগ্য নির্বাচন আন্তর্জাতিক ভাবে উপস্থাপনের জন্য আওয়ামী লীগ কাজ করে যাচ্ছে। আওয়ামী লীগের সঙ্গে আন্তর্জাতিক মিত্ররাও এ নিয়ে কথা বলছে। বিএনপির একাধিক নেতার সঙ্গে কথা বলা হয়েছে বলেও নিশ্চিত হওয়া গেছে।

বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সঙ্গে সরকারের ঊর্ধ্বতন মহলের একাধিক বৈঠকের খবর পাওয়া যাচ্ছে। এই সমস্ত বৈঠকগুলোতে নির্বাচনের একটি সমঝোতার রূপরেখা নিয়ে আলোচনা হচ্ছে। বেগম খালেদা জিয়ার মুক্তি, তাকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার অনুমতি দেওয়া, তারেক জিয়াকে নির্বিঘ্নে দেশে ফেরা অনুমতি, নেতাকর্মীদের বিরুদ্ধে দায়ের করা মামলা এবং আটক নেতাকর্মীদের মুক্তি প্রদান করা সহ বিভিন্ন দাবি এখন আলোচনার টেবিলে রয়েছে। তবে নির্বাচনকালীন সরকারের ব্যাপারেও সরকারকে ছাড় দেওয়ার প্রস্তাব দিয়েছে বিএনপি়এমন তথ্য নিশ্চিত করা হয়েছে। বিশেষ করে প্রধানমন্ত্রীর ক্ষমতা হ্রাস, জাতীয় সংসদ ভেঙে দেওয়া এবং নির্বাচনকালীন সরকারে যারা মন্ত্রী থাকবেন তারা নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না এমন কতগুলো বিষয়কে সামনে নিয়ে আসা হয়েছে। তবে বিভিন্ন সূত্রগুলো বলছে, বেগম খালেদা জিয়া এই আলাপ-আলোচনার গতিকে অব্যাহত রাখার জন্য তারেক জিয়ার সঙ্গে আলোচনা করতে বলেছেন। যদিও সরকারের পক্ষ থেকে এতদিন তারেক জিয়ার সঙ্গে আলাপ আলোচনার ব্যাপারে উৎসাহ ছিল না। কিন্তু সাম্প্রতিক সময়ে তারেক জিয়ার সঙ্গেও সরকারের যোগাযোগের খবর পাওয়া যাচ্ছে এবং এই যোগাযোগ এখন আগের চেয়ে বৃদ্ধি পেয়েছে। আর এই যোগাযোগের ফলে শেষ পর্যন্ত নির্বাচনের আগে একটি বড় ধরনের রাজনৈতিক সমঝোতা দেখা দিতে পারে বলে বিভিন্ন মহল মনে করছেন।

এই সমঝোতায় ভারত এবং চীনও অংশগ্রহণ করছে বলে বিভিন্ন সূত্র গুলোও বাংলা ইনসাইডারকে নিশ্চিত করেছে। ফলে বাইরে রাজনীতিতে যতই উত্তাপ উত্তেজনা থাকুক না কেন ভিতর একটি সমঝোতার নীরব প্রচেষ্টা দৃশ্যমান হচ্ছে ক্রমশ। আর সেই প্রচেষ্টা দেশকে নির্বাচনের মুখে নিয়ে যেতে পারে বলে ধারণা করা হচ্ছে।

আওয়ামী লীগের একজন নেতা বলেছেন, প্রকাশ্য সমঝোতা করলে নানা মহল হস্তক্ষেপ করে এবং সমঝোতা ভেস্তে দেওয়ার জন্য একটি মহল তৎপর। আর এ কারণে সবকিছু হচ্ছে গোপনে। তবে বিএনপির পক্ষ থেকে বলা হচ্ছে রাজনৈতিক সমঝোতা নয়, সরকারের বিভিন্ন মহল তাদের সঙ্গে যোগাযোগ করছে। তবে তারা বলেছেন যে নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের দাবি ছাড়া কোনো রাজনৈতিক সমঝোতা এখন তাদের পক্ষে সম্ভব নয়।

## নেপালকে পায়রা বন্দর ব্যবহারের

আঞ্চলিক কেন্দ্র হিসেবে গড়ে তুলছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। নেপালের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন। তিনি সফলভাবে দেশ পরিচালনার জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রীরও প্রশংসা করেন।

দাহাল বলেন, "আপনি (শেখ হাসিনা) আমাদের অঞ্চলের নেতা।" তিনি আরো বলেন, নেপালে জলবিদ্যুৎ উৎপাদনের বিশাল সুযোগ রয়েছে। এ প্রসঙ্গে শেখ হাসিনা বলেন, নেপাল থেকে ভারতের মধ্যদিয়ে বাংলাদেশে ৪০ মেগাওয়াট বিদ্যুতের প্রথম ত্রিপক্ষীয় বিদ্যুৎ বাণিজ্য শুরু হওয়ার পর বাংলাদেশ আরও নবায়নযোগ্য জ্বালানি বিশেষ করে জলবিদ্যুৎ আমদানির পদক্ষেপ নেবে।

দাহাল ডেউল্লখ করেন, নেপালের উল্লেখ সংখ্যক শিক্ষার্থী বাংলাদেশে তাদের পড়াশোনা চালিয়ে যাচ্ছে।

ব্রিফিংয়ে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মোঃ নজরুল ইসলাম এবং ইতালিতে বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ শামীম আহসান উপস্থিত ছিলেন।

## হাইকোর্টের একটি বেঞ্চে

সময় নেই, প্রভুরা চলে গেছে।' একই সঙ্গে সংশ্লিষ্ট বেঞ্চ অফিসারকে আদালত কক্ষের বাইরে এ সংক্রান্ত নোটিশ টানাতে নির্দেশ দেন।

পরে এ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়, ''অত্র বেঞ্চে (বিচারপতি শেখ মো. জাকির হোসেন ও বিচারপতি এ কে এম জহিরুল হকের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ) বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিজ্ঞ আইনজীবীদের 'মাই লর্ড'-এর স্থলে 'ইওর অনার' বা 'স্যার' সম্বোধন করার নির্দেশ প্রদান করা হলো।''

## ঘুস নেওয়ায় সরকারি কর্মকর্তাকে

ঘুস নিতেন। সহকারী পরিচালক আখতারুজ্জামান বলেন, অভিযুক্ত আশরাফ হোসেন ঘুস নেওয়ার বিষয়টি স্বীকার করেছেন। তবে এ ধরনের অপরাধ আর করবেন না শর্তে প্রাথমিকভাবে লিখিত মুচলেকা নেওয়া হয়েছে। পাশাপাশি তাকে বিভাগীয়ভাবে বদলির সুপারিশের জন্য উপজেলা হিসাবরক্ষণ অফিসার আরিফুল ইসলামকে নির্দেশ দেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, বদলি করা না হলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। আগামীতে শরীয়তপুরের বিভিন্ন উপজেলা কার্যালয়ে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। এ বিষয়ে উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা আরিফুল ইসলাম কোনো মন্তব্য করতে রাজি হননি।

## ডেঙ্গুতে মারা গেলেন অন্তঃসত্ত্বা

নিষ্ঠার সাথে পালন করেছিলেন। নাজিয়া সুলতানার অকাল মৃত্যুতে আমরা একজন সৎ ও যোগ্য কর্মকর্তাকে হারালাম। সিনিয়র সচিব তার শোকবার্তায় বলেন, নাজিয়া সুলতানা ছিলেন একজন দক্ষ ও কর্তব্যপরায়ণ কর্মকর্তা। বাংলাদেশ সিভিল সার্ভিসে তার অবদান স্মরণীয় হয়ে থাকবে।

গতকাল সোমবার ডেঙ্গুতে ৯ জনের মৃত্যু হয়েছে। মারা যাওয়া সবাই ঢাকার বাসিন্দা। এ সময় ডেঙ্গু আক্রান্ত হয়ে সারা দেশে হাসপাতালে ভর্তি হয়েছেন ২ হাজার ২৯৩ জন। এর মধ্যে ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ২৩৮ জন, আর ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৫৫ জন

## বাজার থেকে যেসব নোট তুলে

ব্যাংকে পাঠিয়েছে। বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২ এর ২৩(১) ধারা মোতাবেক বাজারে পরিচ্ছন্ন নোট প্রচলন করা বাংলাদেশ ব্যাংকের অন্যতম দায়িত্ব। ওই ধারায় উল্লেখ আছে- ব্যাংক ছেঁড়া, বিকৃত বা অত্যধিক নোংরা নোট পুনঃইস্যু করবে না। এই উদ্দেশ্য অর্জনে বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে বিভিন্ন নীতি বা পদ্ধতি প্রণয়ন করে। ওই নীতি ও পদ্ধতি অনুযায়ী প্রচলনে থাকা পুরাতন, ধ্বংসযোগ্য ও অযোগ্য নোট যথাযথভাবে ধ্বংস করা হয় এবং নতুন নোটের মাধ্যমে প্রতিস্থাপন করা হয়। এরপরও বাজারে অপ্রচলনযোগ্য ও ত্রুটিপূর্ণ নোট হিসেবে অধিক ময়লাযুক্ত, ছেঁড়া-ফাটা, আগুনে ঝলসানো, ডাম্প, মরিচাযুক্ত, অধিক কালিযুক্ত, অধিক লেখালেখি, স্বাক্ষরযুক্ত ও বিভিন্ন খণ্ডে খণ্ডিত নোটের আধিক্য দেখা যাচ্ছে। তাই প্রচলনে থাকা ব্যাংক নোটের নিরাপত্তা, গ্রহণযোগ্যতা বৃদ্ধি এবং নোটের সামগ্রিক অবস্থার উন্নতিতে উল্লেখিত নোট বাজার থেকে দ্রুত প্রত্যাহার ও ধ্বংস করে নতুন নোট প্রতিস্থাপনে বাংলাদেশ ব্যাংকের পরিচ্ছন্ন নোট নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com





# যে বাগানের গাছে ফুল-ফল নেই, আছে শুধু শত শত সাপ!

**আন্তর্জাতিক ডেস্ক :** আহা কী আনন্দ আকাশে, বাতাসে! ঘুরতে গিয়েছেন। ব্যস্ততা মাখা জীবন থেকে মিলেছে একটু ছুটি! জঙ্গল, পাহাড় অথবা সমুদ্র কত্ত কী! কিন্তু আপেল গাছে আপেল, আম গাছে আম, ফুল গাছে ফুলের বদলে সাপ দেখেছেন কখনও? যদি না দেখে থাকেন তাহলে, এমনই এক সাপের বাগান সম্প্রতি ভাইরাল হয়েছে নেটদুনিয়ায়। সোশ্যাল মিডিয়ায় গাছের মধ্যে থাকা সেই সাপের ভিডিও ছড়িয়ে পড়েছে। চারিদিকে কিলবিল করছে শুধু সাপ আর সাপ! সবুজ পাতা থেকে ফল সবই 'বিষধর'দের দখলে। ভয়ংকর এই সাপের বাগান দেখতে ভিড় জমছে ভালই। কোথায় রয়েছে সেটি?

নেটিজেনদের দাবি, সবুজ রংয়ের এই সাপের বাগান রয়েছে ভিয়েতনামে। প্রায় ১২ হেক্টর জমি নিয়ে তৈরি করা হয়েছে ভিয়েতনামের স্নেক গার্ডেন। যার নাম 'ডং টাম স্নেক ফার্ম'। কিন্তু এই বাগান তৈরির নেপথ্যে রয়েছে অন্য কারণ। কেন এমন বাগান তৈরি করা হয়েছে? আসলে বিভিন্ন ধরনের ওষুধ তৈরির জন্যই নাকি বিস্তীর্ণ এলাকা জুড়ে সাপের চাষ করা হয় এই বাগানটিতে। ফলের বদলে ওই বাগানের প্রায় প্রতিটি গাছেই রয়েছে ৪০০-র বেশি টি সাপ!

দাবি, মূলত গবেষণার জন্যই 'ডং টাম স্নেক ফার্ম' তৈরি করা হয়। যে ফার্মের উদ্দেশ্যই ছিল চিকিৎসায় সাহায্য করা। সাপে কামড়ানোর ওষুধ তৈরির জন্যও নাকি বেশ গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে এই বাগান। প্রতি বছর প্রায় ১৫০০ মানুষ সাপের কামড়ের চিকিৎসা করাতে আসেন এই ফার্মে, জানা গিয়েছে এমনও।

ইনস্টাগ্রামে শেয়ার হওয়া সাপের বাগানের ভিডিও ভাইরাল হয়েছে মুহূর্তেই। সাপের বহর দেখে তাজ্জব বনে গিয়েছেন নেটাগরিকরা। অনেকেই বলছেন, এই পার্কে গেলে তো মৃত্যু নিশ্চিত! কেউ কেউ আবার লিখেছেন, ভিয়েতনামে গেলে এই পার্কে যেতেই হবে! কী ভাবছেন? যাবেন নাকি একবার!

# পিবিআই প্রধানের মামলায় এসপি বাবুলকে অব্যাহতি, রেহাই পেলেন না প্রবাসী ইলিয়াস

**নিজস্ব প্রতিবেদক :** ডিজিটাল নিরাপত্তা আইনে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) প্রধান বনজ কুমার মজুমদারের মামলায় অব্যাহতি পেয়েছেন পুলিশের সাবেক এসপি বাবুল আক্তার ও তাঁর বাবা মো. আব্দুল ওয়াদুদ মিয়া। আজ মঙ্গলবার ঢাকার সাইবার ট্রাইব্যুনালের বিচারক এ এম জুলফিকার হায়াত এই আদেশ দেন।

অন্যদিকে এই মামলার আসামি সাংবাদিক ইলিয়াস হোসেন ও বাবুল আক্তারের ভাই মো. হাবিবুর রহমান লাবুর বিরুদ্ধে অভিযোগ আমলে নেওয়া হয়েছে। একই সঙ্গে আদালত আগামী ৩১ আগস্ট দুই আসামির বিরুদ্ধে অভিযোগ গঠনের দিন ধার্য করেছেন। আজ অভিযোগপত্রের গ্রহণযোগ্যতা শুনানির জন্য দিন ধার্য ছিল। গ্রহণযোগ্যতা শুনানির পর ট্রাইব্যুনাল এসব আদেশ দেন।

শুনানির সময় জামিনে থাকা বাবুলের বাবা ও ভাই আদালতে হাজির ছিলেন। বাবুল আক্তার কারাগারে রয়েছেন। তবে অব্যাহতি পেলেও চট্টগ্রামে মিতু হত্যা মামলার আসামি হওয়ায় তিনি মুক্তি পাবেন না। মামলার অপর আসামি সাংবাদিক ইলিয়াস হোসেন পলাতক রয়েছেন।

এর আগে গত ৯ এপ্রিল ধানমন্ডি থানার পুলিশ পরিদর্শক অপারেশন মোহাম্মদ রবিউল ইসলাম আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

গত বছরের ২৭ সেপ্টেম্বর রাজধানীর ধানমন্ডি থানায় মামলাটি করেন পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) প্রধান বনজ কুমার মজুমদার। মামলায় ডিজিটাল নিরাপত্তা আইন ও বিশেষ ক্ষমতা আইনে অভিযোগ আনা হয়। অভিযোগপত্রে বলা হয়, ডিজিটাল নিরাপত্তা আইনে আসামিদের বিরুদ্ধে অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে। তবে বিশেষ ক্ষমতা আইনের অভিযোগ প্রমাণিত হয়নি।

বাদী বনজ কুমার এজাহারে উল্লেখ করেন, তাঁর নেতৃত্বাধীন তদন্ত সংস্থা পিবিআই দেশের চাঞ্চল্যকর মিতু হত্যা মামলা তদন্তাধীন থাকাকালে প্রধান আসামি সাবেক পুলিশ সুপার বাবুল আক্তারের নাম বেরিয়ে এলে তাঁকে গ্রেপ্তার করে। কিন্তু মিতু হত্যার মামলার তদন্ত ভিন্ন খাতে নিতে এবং পুলিশ-পিবিআইয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য জেলে থাকা বাবুল আক্তার এবং অপর আসামিরা দেশ-বিদেশে অবস্থান করে অপরাধমূলক বিভিন্ন অপকৌশল এবং ষড়যন্ত্রের আশ্রয় নেন। এরই ধারাবাহিকতায় গত বছরের ৩ সেপ্টেম্বর বাবুল আক্তার ও অন্যান্য আসামির প্রত্যক্ষ-পরোক্ষ প্ররোচনায় সাংবাদিক ইলিয়াস হোসেন তাঁর ইউটিউবে 'স্ত্রী খুন স্বামী জেলে খুনি পেয়েছে তদন্তের দায়িত্ব' শিরোনামে একটি ভিডিও আপলোড করেন।

এজাহারে আরও বলা হয়, বিভিন্ন মিথ্যা ও ভিত্তিহীন তথ্যের মাধ্যমে ইলিয়াস হোসেন ভিডিওতে প্রচারিত বক্তব্যে দেশের ভাবমূর্তি, দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার উসকানি, বাংলাদেশ পুলিশ, পিবিআই ও বিশেষ করে বাদীর (বনজ কুমার মজুমদার) মান-সম্মান ক্ষুণ্ন করার জন্য বিভ্রান্তিকর তথ্য প্রচার করেছেন, যা দেশের সাধারণ মানুষের মধ্যে নেতিবাচক মনোভাব সৃষ্টি করেছে।

এজাহারে ওই ভিডিওর বিভিন্ন অভিযোগ খণ্ডন করে বলা হয়, ইলিয়াস তাঁর বক্তব্যের মাধ্যমে রাষ্ট্রের ভাবমূর্তি এবং বাংলাদেশ-ভারতের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে ক্ষতিগ্রস্ত করা, রাষ্ট্রের হিন্দু-মুসলিম সম্প্রদায়ের মধ্যে শত্রুতা, ঘৃণা-বিদ্বেষ, সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট ও অস্থিরতা এবং বিশৃঙ্খলা সৃষ্টির অপপ্রয়াস করেছেন।

এজাহারে আরও বলা হয়, শুধু মিতু হত্যা মামলার তদন্ত ও বিচারকাজকে প্রশ্নবিদ্ধ করতে বাবুলের ভাই মো. হাবিবুর রহমান লাবু, তাঁর বাবা আসামি আব্দুল ওয়াদুদ মিয়া ও আসামি বাবুল আক্তারের প্রত্যক্ষ-পরোক্ষ প্ররোচনায় সাংবাদিক ইলিয়াস মিথ্যা-বানোয়াট ও ভিত্তিহীন বক্তব্যের ভিডিও ফেসবুক-ইউটিউবে দেন।

# ইউএনও সাদিয়া আফরিনের বদলিতে মিষ্টি বিতরণ!

**নিজস্ব প্রতিবেকদ :** সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া আফরিনের বদলির আদেশ হওয়ায় শাহজাদপুরের বিভিন্ন এলাকায় ক্ষতিগ্রস্ত ও ভুক্তভোগী মানুষ আনন্দে মিষ্টি বিতরণ ও উল্লাস প্রকাশ করেছে। গত সোমবার বিকালে শাহজাদপুর উপজেলার খুকনি ইউনিয়নের রূপসী বাজার ও সন্ধ্যায় বেলতৈল ইউনিয়ন পরিষদ চত্বরে এলাকাবাসি এ মিষ্টি বিতরণ করে।

এর আগে রোববার বিকালে শাহজাদপুর পৌর সদরের দ্বাবারিয়া,শেরখালি,কান্দাপাড়া ও দ্বারিয়াপুর এলাকায় মিষ্টি বিতরণ করা হয়। মঙ্গলবারও বিভিন্ন এলাকায় মিষ্টি বিতরণের কথা রয়েছে।

রূপসী বাজারে মিষ্টি বিতরণকালে খুকনি ইউনিয়নের ৬নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সোন্তেষ আলী, সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, খুকনি ইউনিয়নের ৬নং ওয়ার্ড সদস্য হযরত আলী,সোবক সদস্য ইব্রাহীম হোসেন বলেন, শাহজাদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া আফরিন উৎকোচের বিনিময়ে ম্যানেজ হয়ে ব্রাহ্মণগ্রাম,আরকান্দি,জালালপুর ইউনিয়নের পাড়া মোহনপুর,জালালপুর,পাকুরতলা এলাকার যমুনা নদীর ভাঙ্গণকবলিত স্থানের পাশে থেকে বালুদস্যুদের ড্রেজার দিয়ে বালু উত্তোলন করে বিক্রির সুযোগ করে দিয়েছে। ফলে বন্যা শুরুর পর থেকে এ সব গ্রামের প্রায় ২ শতাধিক বাড়িঘর যমুনা নদীগর্ভে বিলীন হয়ে গেছে। শত শত মানুষ গৃহহীন হয়ে মানবেতর জীবনযাপন করছে। একদিনের জন্য তাদের কোনো খোঁজখবর নেয়নি। পাশে এসে দাঁড়ায়নি। এ সব বিষয়ে তার সাথে কথা বলতে গেলে তিনি আমাদের সাথে অসদাচরণ করেছেন। তিনি একজন বদমেজাজী ও বেয়াদব মহিলা। তাই তার বদলিতে আমরা অত্যন্ত খুশি হয়ে ভরা বাজারে মিষ্টি বিতরণ করে শুকরিয়া আদায় করছি।

তারা আরও বলেন,আমরা শুনতে পেয়েছি তিনি এখানে থাকার জন্য নানা কৌশলে তার এ বদলি বাতিলের চেষ্টা করছেন। তার এ বদলি আদেশ বাতিল করা হলে আমরা এ বাজারে প্রতিবাদ সমাবেশসহ নানা কর্মসূচি পালন করব।


অপরদিকে বেলতৈল ইউনিয়ন পরিষদ চত্বরে মিষ্টি বিতরণকালে চর বেতকান্দি গ্রামের আক্কাস আলী ও বেতকান্দি বাজারের ব্যবসায়ী মোহাম্মদ আলী বলেন, এই ইউএনও প্রতিটি কাজে উৎকোচ গ্রহণ করে দুর্নীতিবাজদের কাজে সহযোগিতা করেছেন। তাই তার বদলিতে আমরা অনেক খুশি। এজন্য আমরা মিষ্টি বিতরণ করে আনন্দ উল্লাস প্রকাশ করছি। আমরা অবিলম্বে তার এ বদলি কার্যকরের জোর দাবি জানাচ্ছি।

এ বিষয়ে সিরাজগঞ্জ জেলা প্রশাসক মীর মাহবুবুর রহমান বলেন, এটা তার শাস্তিমূলক বদলি নয়, এটা তার নিয়মিত বদলি।

এ বিষয়ে শাহজাদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া আফরিন জানান, তার ব্যাচের এখনও পদোন্নতি শুরু হয়নি। তাই তাকে নিয়মিত বদলি করা হয়েছে। এটা তার কোনো শাস্তিমূলক বদলি নয়।

# টুইটার থেকে এক্স, কী বলছেন বিশেষজ্ঞরা

**আন্তর্জাতিক ডেস্ক :** গত রোববার হঠাৎই ঘোষণা করলেন ইলন মাস্ক, টুইটারের নাম বদল করে হবে এক্স। পাখির প্রতীকও বদলে যাবে। একটি বড় সংস্থা যখন আরেকটি বড় সংস্থাকে কিনে নেয়, তখন তার সবকিছু রাতারাতি বদল করে না। এরকম বদল করার ঘটনা খুবই বিরল। এটাও বিরল যে সংস্থার মালিক নিজে এই বদলের ঘোষণা করলেন। জানিয়ে দিলেন, এতদিন যে লোগো মানুষের কাছে টুইটারকে চিনিয়েছে, তা বদল করে দেওয়া হবে। মাস্ক জানিয়েছেন, টুইটারের নাম হবে এক্স। পাখির লোগো বদলে যাবে। টুইটারের সঙ্গে জড়িত বাকি সব বিষয়ের নামও বদলে যাবে। সিগেল অ্যান্ড গেল-এর ব্র্যান্ড কমিউনিকেশনের ডিরেক্টর স্টিভ সুসি ব্লুমবার্গকে বলেছেন, 'টুইটারের মতো একটা কোম্পানির ব্র্যান্ড বিশ্বজুড়ে প্রতিষ্ঠা করতে ১৫ বছর বা তার বেশি সময় লাগে। সেই ব্র্যান্ডকে হারানোর অর্থ আর্থিক ক্ষেত্রেও ধাক্কা।'ফরেস্টারের রিসার্চ ডিরেক্টর মাইক প্রউলস্ক রয়টার্সকে বলেছেন, 'মাস্কের এই সিদ্ধান্তের প্রভাব টুইটারের মূল ও অনুগত ব্যবহারকারীদের ওপর পড়বে। তারা টুইটারের কাছ থেকে দূরে চলে যেতে পারেন। 'তার মতে, 'একদিকে তিনি যেমন টুইটারের আইকনিক ব্র্যান্ড শেষ করে দিতে চাইছেন, আবার অন্যদিকে তিনি বলছেন, টুইটারে নতুন যুগ শুরু হলো। টুইটার এখন অন্যদিকে যাবে, অন্য ব্যবহারকারীরা তা ব্যবহার করবেন। ' রোববার মাস্ক একটি পোস্ট করেছেন। তাতে তিনি টুইটারের নতুন লোগো নিয়ে মানুষের প্রতিক্রিয়া চেয়েছেন। তিনি বলেছেন, নীল পটভূমিতে পাখির ছবির বদলে তিনি কালোর ও পরে ডিজাইন করা এক্সের ছবিটা পছন্দ করছেন। মাস্কের যে কোম্পানি মহাকাশে রকেট পাঠায়, উপগ্রহ নিয়ে যায়, মানুষকেও মহাকাশযাত্রা করায়, তার নাম স্পেস এক্স। মাস্ক ঘোষণা করেছেন, 'শীঘ্রই আমরা টুইটার ব্র্যান্ড থেকে সরে আসব এবং ধীরে ধীরে পাখির লোগোও বদলে যাবে। 'বিশ্লেষক ও ব্র্যান্ড এজেন্সির বিশেষজ্ঞরা মনে করছেন, এভাবে কোনো প্রডাক্টের নতুন নাম দেওয়াটা ভুল। ব্র্যান্ড এজেন্সি ফেজরের প্রতিষ্ঠাতা টড ইরউইনের মতে, 'সামাজিক মাধ্যমে টুইটার হলো সবচেয়ে পরিচিত ব্র্যান্ডগুলোর মধ্যে একটা। তার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে পাখির লোগো।'অধ্যাপক জোশুয়া হোয়াইট মনে করেন, 'আধুনিক সংস্কৃতির সঙ্গে টুইট, রিটুইটের মতো কথাগুলো জড়িয়ে গেছে। সেলিব্রিটি, রাজনীতিবিদ এবং অন্যরা টুইটের মাধ্যমে সাধারণ মানুষের কাছে পৌঁছান।'



ছবি: ০৩

## সোমালিয়ায় আত্মঘাতী হামলা, নিহত ২০

**আন্তর্জাতিক ডেস্ক :** সোমালিয়ায় মোগাদিশুতে একটি সেনা অ্যাকাডেমিতে আত্মঘাতী হামলা চালিয়েছে এক আত্মঘাতী সন্ত্রাসী। এতে ২০ থেকে ৩০ জনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। সোমবার মোগাদিশুর জাল্লে সিয়াদ সেনা অ্যাকাডেমিতে এই হামলা হয়েছে। প্রশাসন জানিয়েছে, ওই সন্ত্রাসী অ্যাকাডেমির ভিতর ঢুকে পড়ে। কিছুক্ষণের মধ্যেই বিস্ফোরণে কেঁপে ওঠে গোটা এলাকা। ঘটনায় ২০ থেকে ৩০ জন নিহত হয়েছে ঘটনাস্থলেই। অন্তত ৬০ জনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হচ্ছে। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, এটি আল কায়দার কাজ। ২০০৭ সাল থেকে তারা সোমালিয়ার সরকার উল্টে দেওয়ার চেষ্টা করছে। সেখানে নিজেদের ক্ষমতা প্রতিষ্ঠা করতে চাইছে। সোমালিয়ার সেনা মোহামেদ হাসান সংবাদমাধ্যমকে জানিয়েছেন, 'পাশেই একটি সেনা ছাউনিতে ছিলাম। আওয়াজ শুনে ছুটে আসি। ততক্ষণে যা ঘটার ঘটে গেছে। ভয়াবহ দৃশ্য।' তিনি জানিয়েছেন, এখনো তদন্ত চলছে। কারা এর পিছনে তা স্পষ্ট করে খতিয়ে দেখা হচ্ছে। অন্যদিকে নিহতের সংখ্যা আরও অনেকটাই বাড়তে পারে বলে



# সাগরে মিসাইল ছুঁড়লো উত্তর কোরিয়া

**আন্তর্জাতিক ডেস্ক :** কোরিয়া সাগরে ব্যালেস্টিক মিসাইল ছুঁড়েছে উত্তর কোরিয়া। জাপানের কাছে সাগরে গিয়ে পড়েছে ওই মিসাইল দুইটি। আমেরিকাকে জবাব দিতেই এ কাজ বলে জানা গেছে। সম্প্রতি কোরিয়া পেননিসুলার কাছে আরও একটি মিসাইল ছোঁড়া যায় এমন একটি সাবমেরিন নিয়ে এসেছে আমেরিকা। তারই জবাবে, জাপানের খুব কাছে সমুদ্রে দুইটি ব্যালেস্টিক মিসাইল নিক্ষেপ করেছে উত্তর কোরিয়া। দক্ষিণ কোরিয়া ও জাপান দুই দেশই এই খবরের সত্যতা স্বীকার করেছে। প্রায় ৪০০ কিলোমিটার অতিক্রম করেছে দুইটি মিসাইল। জাপান ও কোরিয়ার মাঝে জাপান সাগরে গিয়ে পড়েছে মিসাইল দুইটি। আমেরিকা এই ঘটনার নিন্দা করেছে। গত বেশ কয়েকবছর ধরে উত্তর কোরিয়ার সঙ্গে আমেরিকার সম্পর্ক ক্রমশ খারাপ হয়েছে। মাঝে ডোনাল্ড ট্রাম্প সম্পর্কের উন্নতির চেষ্টা করলেও শেষ পর্যন্ত তা বেশিদিন কার্যকর হয়নি। উত্তর কোরিয়া একের পর এক মিসাইল পরীক্ষা করে যাওয়ার ফলে আমেরিকা গত সপ্তাহে কোরিয়া সাগরে একটি সাবমেরিন মোতায়েন করেছে। ওই সাবমেরিন থেকে পরমাণু অস্ত্র নিক্ষেপ করা যায়। তার উত্তরে ঠিক এভাবেই দুইটি ব্যালেস্টিক মিসাইল ছুঁড়ে প্রতিবাদ জানিয়েছিল উত্তর কোরিয়া। আবার সোমবার তা করা হলো। বস্তুত, দক্ষিণ কোরিয়ার সঙ্গে এখনো যুদ্ধে লিপ্ত উত্তর কোরিয়া। কারণ দুই দেশের মধ্যে কখনোই কোনো শান্তি চুক্তি সই হয়নি।

## আবারও ভূমিকম্পে কেঁপে উঠলো তুরস্ক

**আন্তর্জাতিক ডেস্ক :** চলতি বছরের ফেব্রুয়ারির শক্তিশালী সেই ভূমিকম্পের ভয়াবহতা আজও ভুলতে পারেনি তুরস্কের জনগণ। এরইমধ্যে পাঁচ মাসের মাথায় মাঝারি মাত্রার ভূমিকম্পে আবারও কেঁপে উঠল এশিয়া-ইউরোপের মধ্যবর্তী দেশটি। স্থানীয় সময় গতকাল মঙ্গলবার সকাল ৮টায় দক্ষিণ তুরস্কের আদানা প্রদেশ কেঁপে উঠে ৫ দশমিক ৫ মাত্রার ভূমিকম্পে। ফলে আতঙ্কিত হয়ে পরে প্রদেশটির জনগণ। তুর্কি দুর্যোগ ও জরুরি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের বরাতে গতকাল মঙ্গলবার এক প্রতিবেদনে এ খবর জানায় আল জাজিরা। ইস্তাম্বুলের কান্দিলি ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র জানায়, ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল আদানা শহর থেকে প্রায় ৬৪ কিলোমিটার (৪০ মাইল) দূরে সিরিয়ার সীমান্তের কাছে অবস্থিত কোজান জেলায়। ইউরোপীয় ভূমধ্যসাগরীয় সিসমোলজিক্যাল সেন্টার জানিয়েছে, ভূমিকম্পের গভীরতা ছিল ১২ কিলোমিটার (৭.৪৬ মাইল)।

# চীন কেন এভারেস্টের চেয়েও বড় গর্ত খুঁড়ছে?

**আন্তর্জাতিক ডেস্ক :** ভূপৃষ্ঠের গভীরে ৩৩ হাজার ফুট গর্ত খুঁড়ছে চীন। এই গর্ত ঘিরেই তৈরি হয়েছে চাঞ্চল্য। ইতোমধ্যে গর্ত খননের কাজ শুরু হয়েছে। চীনের রাষ্ট্রীয় গণমাধ্যম সিনহুয়া বলছে, চলতি মাসে চীনের উত্তর-পশ্চিমাঞ্চলের জিনজিয়াং উইঘুর স্বায়ত্বশাসিত বিশ্বের দ্বিতীয় বৃহৎ টিলা মরুভূমি তাকলামাকানে গর্ত খোঁড়ার কাজ শুরু হয়েছে। তাকলামাকান মরুভূমির বিস্তৃতি ৩ লাখ ৩৭ হাজার বর্গ কিলোমিটার। গর্তটি মাটির ১০ স্তর ভেদ করবে। প্রকল্পটি শেষ হতে সময় লাগবে ৪৫৭ দিন। এ সময়ের মধ্যে দুই হাজার টনের বেশি ভারী যন্ত্রপাতি দিয়ে কাজ করবেন সংশ্লিষ্টরা। রাষ্ট্রীয় পেট্রোরাসায়নিক করপোরেশন সিনোপেক এই প্রকল্প পরিচালনা করছে। তারা জানিয়েছে, এর উদ্দেশ্য ভূতাত্ত্বিক অনুসন্ধানের ক্ষেত্রে গভীরতার সীমা ছাড়িয়ে যাওয়া। গণমাধ্যমকে দেয়া এক সাক্ষৎকারে তারা বলছে, খনিজ ও জ্বালানিসম্পদ শনাক্ত করার পাশাপাশি ভূমিকম্প ও আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের মতো পরিবেশগত বিপর্যয়ের ঝুঁকি পরীক্ষা নিরীক্ষা করতে তারা এ উদ্যোগ নিয়েছে। বিবিসির একটি প্রতিবেদনে বলা হয়েছে, পৃথিবীর গভীরে



মানুষ নির্মিত সরু ও গভীর গর্তকে 'বোরহোল' বলা হয়। সাধারণত, তেল বা পানি এবং অন্যান্য খনিজ সম্পদ আহরণের জন্য এই গর্ত করা হয়। এমন বোরহোল চীনের একটি উচ্চাকাঙ্খী পদক্ষেপ। এটি চীনের সবচেয়ে বড় খনন প্রকল্প যা প্রথমবারের মতো ১০ হাজার মিটার কূপ খননের প্রতিবন্ধকতা ছাড়িয়ে যাবে। প্রতিবেদনে বলা হয়েছে, এই গর্ত ভূপৃষ্ঠের উপর থাকা এভারেস্ট পর্বতের সর্বোচ্চ শৃঙ্গের চেয়েও বেশি গভীর। চিলির ক্যাথলিক ইউনিভার্সিটি অব টেমুকোর সিভিল ওয়ার্ক অ্যান্ড জিওলজি বিভাগের পরিচালক ভূপদার্থবিদ ক্রিশ্চিয়ান ফারিয়াস বিবিসিকে বলেন, ভূপৃষ্ঠের কাছের ১০ কিলোমিটার অনুসন্ধানে আমরা সাধারণত সিসমিক টমোগ্রাফি এবং অন্যান্য কৌশল ব্যবহার করি। এ ধরনের প্রকল্প খুব দরকারি। কারণ এগুলো এই অনুসন্ধানের পক্ষে বাস্তব প্রমাণ দেয়। তবে মাটির কঠিন অবস্থা এবং উচ্চ মাত্রায় চাপ ও চরম তাপমাত্রার কারণে তেল এবং প্রাকৃতিক গ্যাসের উত্তোলনের সময় ব্যাপক প্রযুক্তিগত এবং কারিগরি চ্যালেঞ্জের মুখে পড়তে হবে চীনকে। এ ছাড়া গর্তের স্থিতিস্থাপকতা ধরে রাখাটাও একটা বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াবে। মার্কিন সম্প্রচার মাধ্যম

## সেনেগালে নৌকা ডুবে ১৫ অভিবাসীর মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** সেনেগালে নৌকা ডুবে ১৫ জনের মৃত্যু হয়েছে। দেশটির রাজধানী ডাকার উপকূলে অভিবাসী ও উদ্বাস্তুদের বহনকারী একটি নৌকা ডুবে যাওয়ার পর এই ঘটনা ঘটে। সেনেগালের প্রেসিডেন্ট ম্যাকি স্যালের মতে, ইউরোপে পৌঁছানোর জন্য বিপজ্জনক সামুদ্রিক যাত্রায় মরিয়া মানুষ। এতেই এই মর্মান্তিক ঘটনা ঘটে। ম্যাকি স্যালে এক টুইটে বলেন, ডাকার উপকূলে একটি 'পিরোগ' (একটি লম্বা কাঠের নৌকা) ডুবে গেছে। এতে ১৫ জন সেনেগালিজ মানুষের মৃত্যু হয়েছে। এই ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করছি। নিহতদের পরিবার এবং প্রিয়জনদের প্রতি আমার আন্তরিক সমবেদনা।' ডাকারের পার্শ্ববর্তী ওউকাম এলাকায় মৃতদেহগুলো পাওয়া গেছে। সেখানকার ডেপুটি মেয়র এনডেই টপ গুয়ে বলেছেন, সোমবার সকালে মৃতদেহগুলো খুঁজে পায় নৌবাহিনীর সদস্যরা। ভুক্তভোগীরা যে ধরনের নৌকায় ছিল তার কারণে তাদের অভিবাসী

## বিনোদন

# অঞ্জনাকে নিয়ে ফেসবুকে মনির খানের খোলাচিঠি

**বিনোদন প্রতিবেদক :** জনপ্রিয় সংগীতশিল্পী মনির খান। 'অঞ্জনা' শিরোনামে অনেক বিরহের গান গেয়েছেন তিনি। সেই গানগুলো তুমুল জনপ্রিয়তা লাভ করেছে। দর্শকরা মনির খানের মুখে বিরহের এ গানগুলো মাঝে মধ্যে গুন গুন কর গাইতে পছন্দ করেন। সেই অঞ্জনাকে নিয়ে এবার ফেসবুকে খোলাচিঠি লিখলেন এ শিল্পী। খোলা চিঠিতে মনির খান লিখেছেন, পাশার দান ঘুরে যায় একদিন, অন্যের প্রতি যে অন্যায় আচরণকে কখনো অন্যায় মনে হয় নাই, সেই একই আচরণ যখন নিজের সঙ্গে হলো, আত্ম-উপলব্ধিটা চলেই এলো তোমার ভেতর! এখন অভিযোগও করতে পারছ না। কারণ, যে হাত রক্তমাখা, সেই হাত দিয়ে কি খুনের সাধারণ ডায়েরি লেখা যায়? আবার ক্ষমাও চাইতে পারছ না। কারণ অনেক বেশি দেরি হয়ে গেছে, আফসোস! খুব নীরবে প্রায়শ্চিত্তের রাস্তা খুঁজে নিতে হচ্ছে তোমাকে। মনির খান খোলাচিঠিতে আরও লিখেছেন, অনেকে বলে 'কারমা' কিংবা প্রকৃতির প্রতিশোধ, আসলে ওসব কিছু না। এটা বোধ হয় স্বাভাবিক নিয়মে জীবনের মোড় ঘুরে যাওয়া। ইউটার্ন নিলেই যেমন বাম আর ডান উল্টে যায়; অমন করে উল্টে যায় চিন্তা, বোধ, বিচার, বিবেক আর গলার সুর। অথচ রাস্তার ওপাশে থেকে এপাশের কথা একটু ভাবলেই হয়তো বহুকাল আগের সেই অন্যায়টা হতো না। হয়তো তোমাকে একবিন্দু প্রায়শ্চিত্তও করতে হতো না। হয়তো কারও জীবন আরেকটু সুন্দর হতো। হয়তো ভয়াবহ তিক্ত একটা অভিজ্ঞতা নিয়ে কাউকে বাঁচতে হতো না। হয়তো স্রষ্টার দুয়ারে জমা হওয়া কারও করুণ আর্তি মর্ত্যের বুকে তোমার জন্য অভিশাপের বৃষ্টি হয়ে নেমে আসত না। শ্রোতানন্দিত শিল্পী খানের তুমুল জনপ্রিয় গান 'অঞ্জনা' এখনো তার জন্য বিশেষ পরিচিতির বাহক হয়ে আছে। এই গায়কের অনেক অ্যালবামে 'অঞ্জনা' সিরিজের গানটি ঘুরেফিরে এসেছে। তার অসংখ্য শ্রোতারা জানতে চেয়েছেন কে এই অঞ্জনা? অঞ্জনা প্রসঙ্গে মনির খান এক সাক্ষাৎকারে বলেছিলেন, 'আমার স্কুলের পাশাপাশি স্কুলে অঞ্জনা পড়ত। সে ছিল ক্লাস সেভেনে। আর আমি ছিলাম নাইনে।



## এবার নতুন পরিচয়ে হৃতিক

**বিনোদন ডেস্ক :** জীবনের আরও এক নতুন অধ্যায় শুরু করতে চলেছেন অভিনেতা হৃতিক রোশন। বয়স পঞ্চাশের কোঠায় হলেও আজও তিনি সকলের পছন্দের নায়ক। তবে খুব শিগগিরই পরিচালকের আসনে বসতে চলেছেন বলিউডের গ্রিক গড, এমনটাই খবর শোনা যাচ্ছে। সম্প্রতি একটি সংস্থার বিজ্ঞাপন ভিডিও পরিচালনা করেছেন বলিউডের গ্রিক গড। জানা গেছে, সংস্থাটির সঙ্গে প্রায় ২৫ বছর ধরে যুক্ত আছেন হৃতিক। এইবার সেই সংস্থার হয়ে বিজ্ঞাপন পরিচালনা করলেন তিনি। আর হৃতিকের এই কাজ দেখে অনেকেই অনুমান করছেন, পরিচালনার কাজে পা রাখতে পারেন অভিনেতা। এ বিষয়ে জানতে হৃতিকের বাবা পরিচালক রাকেশ রোশনের কাছে প্রশ্ন করতেই তিনি বলেন, 'হৃতিক অবশ্যই সিনেমা বানাবে, যদিও আমি জানি না কখন। 'কাহো না পেয়ার হ্যায়' সিনেমাতে নায়ক হওয়ার আগেও আমাকে কয়েকটি সিনেমায় হৃতিক সাহায্য করেছিল। সুতরাং বলতে পারেন, অনেক লম্বা সময় ধরেই সে পরিচালনার প্রস্তুতি নিচ্ছে।" তবে কবে নাগাদ হৃতিককে 'অ্যাকশন-কাট-প্যাক আপ' বলতে শোনা যাবে, তা এখনো জানেন না রাকেশ।



# প্রচারণায় একসঙ্গে হালুম-তিশা

**বিনোদন ডেস্ক :** ২৯ জুলাই বিশ্ব বাঘ দিবস। এই দিনটি সামনে রেখে ইউনেসকো ঢাকা অফিস, আইইউসিএন এবং দ্য এশিয়া ফাউন্ডেশনের উদ্যোগে এবং সহযোগিতায় শিশুদের কাছে বাঘের গুরুত্ব এবং তাদের প্রিয় বাঘেদের ভালো ও নিরাপদ রাখার বার্তা নিয়ে বিশেষ প্রচারণা শুরু করেছে সিসিমপুর। 'সবার প্রিয় বাঘ, বাঘরা ভালো থাক'- শিরোনামের এ প্রচারণার অংশ হিসেবে শিশুদের জন্য তৈরি করা হয়েছে সচেতনতামূলক মজার একটি ভিডিও। যেখানে শিশুদের প্রিয় ও মজার চরিত্র সিসিমপুরের হালুমের সঙ্গে অংশ নিয়েছেন জনপ্রিয় তারকা অভিনেত্রী নুসরাত ইমরোজ তিশা। শিশুদের জন্য ভিডিওটিতে তিশা এবং হালুম গল্প-আড্ডা-প্রশ্নে বাঘ সম্পর্কিত নানা বিষয় তুলে ধরেছে। পাশাপাশি প্রকৃতিতে বাঘের গুরুত্ব, বাঘেদের ভালো এবং নিরাপদ রাখা কেন দরকার, সেসব কথা বলা হয়েছে শিশুদের উপযোগী করে। বিশেষ এই সচেতনতা ও বিনোদনমূলক ভিডিওটি বিশ্ব বাঘ দিবসে সিসিমপুরের ইউটিউব চ্যানেলসহ নানা মাধ্যমে প্রচার করা হবে। এ ছাড়া বিশ্ব বাঘ দিবস উপলক্ষে শিশুদের জন্য কুইজের আয়োজন করা হয়েছে সিসিমপুরের ফেসবুক পেইজে। যেখানে সিসিমপুরের বন্ধু হালুম বাঘ সম্পর্কিত মজার মজার সব প্রশ্ন নিয়ে হাজির হচ্ছে শিশুদের সামনে।

## হিমেল আশরাফের নতুন সিনেমা 'রাজকুমার'

**বিনোদন ডেস্ক :** নাট্যনির্মাতা হিমেল আশরাফ তার প্রথম সিনেমা দিয়েই বাজিমাত করেছেন। এবারের ঈদে মুক্তিপ্রাপ্ত তার প্রথম সিনেমা 'প্রিয়তমা' মুক্তি পেয়েছে। তিনি এখন এ সিনেমার সাফল্যের জোয়ারে ভাসছেন। এ সিনেমা এখনো মহাসমারোহে দেশ-বিদেশের প্রেক্ষাগৃহে সগৌরবে চলছে। 'প্রিয়তমা' সিনেমার সাফল্যের জোয়ারের মাঝে নির্মাতা হিমেল আশরাফ তার নতুন সিনেমা নির্মাণের ঘোষণা দিলেন। সিনেমার নামও হিমেল জানিয়েছেন। তার নতুন সিনেমার নাম হচ্ছে 'রাজকুমার'। নির্মাণের পাশাপাশি এর কাহিনি ও চিত্রনাট্য এবং সংলাপ তিনি নিজেই লিখছেন। গত সোমবার হিমেল আশরাফ তার ফেসবুকে এ তথ্য জানিয়ে একটি পোস্ট দিয়েছেন। হিমেল আশরাফের প্রথম সিনেমায় অভিনয় করেছেন ঢাকাই সিনেমার শীর্ষ নায়ক শাকিব খান ও কলকাতার দর্শকপ্রিয় অভিনেত্রী ইধিকা পাল।



# যে ছবিতে নজর কাড়লেন বাবা-ছেলে

**বিনোদন ডেস্ক :** বড় ছেলে আব্রাম খান জয়কে নিয়ে যুক্তরাষ্ট্রের নায়াগ্রা জলপ্রপাতে গিয়েছেন সুপারস্টার শাকিব খান। ঘোরাঘুরির ফাঁকে বাবা ছেলে দুজনেই ক্লান্ত, দরকার একটু বিশ্রাম! তাই একটু জিরিয়ে নিচ্ছেন শাকিব খান ও আব্রাম! সেই মুহূর্ত ফ্রেম বন্দি করে নিজের ইনস্টাগ্রামে আপলোড করেছেন শাকিব। লম্বা চুল ছেড়ে দিয়ে মাথা নিচু করে আছেন শাকিব। পাশেই একটি বেঞ্চিতে চোখ বন্ধ করে শুয়ে আছে আব্রাম! ছবিটি পোস্ট করে শাকিব লিখেছেন, 'আমার পাপার প্রথম আমেরিকা ট্রিপ'। গতকাল মঙ্গলবার দুপুরে ছবিটি প্রকাশের পর লুফে নেয় নেটিজেনরা। ফেসবুকের বিভিন্ন গ্রুপ, পেজে ছবিটি মুহূর্তেই ছড়িয়ে যেতে দেখা গেছে! মন্তব্যে তারা 'গ্রেট পিকচার' উল্লেখ করে বলছেন, বাবা ছেলের এই ছবিটি একটু বেশী সুন্দর। এর চেয়ে আর সুন্দর ছবি হতে পারে না। পাশাপাশি তাদের জন্য মন্তব্যে দোয়া জানাচ্ছেন ভক্তরা।

# শাকিরার বিরুদ্ধে আবারও তদন্ত শুরু

**বিনোদন ডেস্ক :** শাকিরার ওপরে আনা ট্যাক্স জালিয়াতির অভিযোগের তদন্ত শুরু করেছে কর্মকর্তারা। জানা গেছে, বার্সেলোনা শহরতলির একজন ম্যাজিস্ট্রেট 'ওয়াকা ওয়াকা' হিটমেকারের বিরুদ্ধে তদন্ত শুরু করেছেন। গ্র্যামি-জয়ী গায়িকাকে ২০১৮ সালে কর জালিয়াতির দুটি অভিযোগের ভিত্তিতে তদন্ত করা হচ্ছে। তিনি ইতোমধ্যে ২০১২, ২০১৩ এবং ২০১৪ সালের জন্য ১৬.২ মিলিয়ন কর ফাঁকির অভিযোগে বিচারের অপেক্ষায় রয়েছেন। শাকিরার বিরুদ্ধে আনীত এই অভিযোগের ভিত্তিতে বিচারক যুক্তি দিয়েছিলেন যে শাকিরা এবং একজন আর্থিক উপদেষ্টা সেই বছরগুলোতে তার আয়ের উৎস লুকানোর চেষ্টায় অফ-শোর ট্যাক্স হেভেনগুলোতে একাধিক কম্পানি ব্যবহার করেছিলেন। ২০২১ সালের জুলাই মাসে প্রথম ট্যাক্স জালিয়াতির অভিযোগ আনা হয়েছিল পপতারকা শাকিরার বিরুদ্ধে। বার্সেলোনার প্রসিকিউটররা অভিযোগ করেছিলেন যে তার ট্যাক্স দেওয়া উচিত ছিল, কারণ তিনি ২০১২ থেকে ২০১৪ সালের মধ্যে অর্ধেকেরও বেশি সময় ধরে স্পেনে বসবাস করছেন। গায়িকার কাছে ১৩.৯ মিলিয়ন পাওনা রয়েছে বলে অভিযোগ রয়েছে। কলম্বিয়ান বংশোদ্ভূত সংগীতশিল্পী শাকিরা এখন মিয়ামিতে বসবাস করেন। এর আগে তার জনসংযোগ সংস্থার মাধ্যমে ২০১২-১৪ সময়কালের ট্যাক্স জালিয়াতির অভিযোগ অস্বীকার করেছিলেন। এই অভিযোগের বিপরীতে শাকিরা জানিয়েছিলেন যে তার আর্থিক বাসস্থান সেই সময়ে বাহামাতে ছিল এবং ট্যাক্স ফাঁকির দাবিগুলোকে 'কাল্পনিক' বলে বর্ণনা করেছেন তিনি। গায়িকা আরো জানিয়েছিলেন যে তিনি তার পাওনা পরিশোধ করেছেন। সূত্র : দ্য গার্ডিয়ান

